# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Ashar 14, 1433 Bangla, June 28, 2026, Sunday, No. 173, 56th year


# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, his visit to Malaysia and China will not only strengthen Bangladesh's future politics but also strengthen its strategic position in international arena.
(R. Tehran: 05)

Foreign Minister has said, Bangladesh-China bilateral relations have reached to a new height through Prime Minister's visit to that country. (Jago FM: 13)

Commerce Minister has said, Bangladesh can transport goods to China within 24 hours by road if it becomes part of China-Myanmar economic corridor. (R. Today: 18)

World Bank has approved $1.1 billion to Bangladesh to help safeguard country’s food security.
(Jago News: 09)

US Embassy in Dhaka has informed that strict action will be taken including visa cancellation, if any foreign visitor or tourist misuses that country’s taxpayer-funded public benefits. (R. Today: 20)

Amid tension over 'push-in' issue, allegations have been made against Indian citizens attempting to dig up soil in Zero Line of Bangladesh-India border. (Jago News: 09)

Bangladesh Navy has seized two fishing boats loaded with 1,450 sacks of cement while smuggling to Myanmar. (Jago News: 16)

Three members of a Bangladeshi family have been stabbed to death by miscreants at their home on outskirts of Rome, Italy. (DW: 08)

Death toll in Venezuela in earthquake has crossed 1400. (BBC: 04)

United States has launched attacks on various Iranian targets in retaliation to attack on a cargo ship in Strait of Hormuz. (BBC: 04)


**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ১৪, বাংলা ১৪৩৩, জুন ২৮, ২০২৬, রবিবার, নং- ১৭৩, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, তার মালয়েশিয়া ও চীন সফর শুধু আগামীর বাংলাদেশের রাজনীতিতেই নয়, বরং আন্তর্জাতিক অঙ্গনে দেশের কৌশলগত অবস্থানকে আরও সুদৃঢ় করবে। (রে. তেহরান: ০৫)

প্রধানমন্ত্রীর চীন সফরের মধ্যদিয়ে ঢাকা-বেইজিং দ্বিপাক্ষিক সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে, বললেন পররাষ্ট্র মন্ত্রী। (জাগো নিউজ: ১৩)

চীন-মিয়ানমার করিডোরে বাংলাদেশ যুক্ত হলে ২৪ ঘণ্টায় ট্রাকে করে বাংলাদেশ থেকে চীনে পণ্য পৌঁছানো যাবে জানিয়েছেন বাণিজ্য মন্ত্রী। (রে. টুডে: ১৮)

বাংলাদেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, কৃষি উৎপাদন সচল রাখা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলায় ১১০ কোটি মার্কিন ডলারের দুটি প্রকল্প অনুমোদন করেছে বিশ্বব্যাংক। (জাগো নিউজ: ০৯)

কোনো বিদেশি দর্শনার্থী বা পর্যটক যুক্তরাষ্ট্রের করদাতাদের অর্থে পরিচালিত সুবিধার অপব্যবহার করলে ভিসা বাতিলসহ কড়া পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছে ঢাকাস্থ মার্কিন দূতাবাস। (রে. টুডে: ২০)

সীমান্তে ‘পুশ-ইন’ উত্তেজনার মধ্যেই এবার আন্তর্জাতিক সীমান্তের শূন্যরেখা এলাকায় ভারতীয় নাগরিকদের মাটি কাটার চেষ্টার অভিযোগ উঠেছে। (জাগো নিউজ: ০৯)

মিয়ানমারে পাচারকালে ১৪৫০ বস্তা সিমেন্ট বোঝাই দুটি ফিশিংবোট জব্দ করেছে বাংলাদেশ নৌবাহিনী। (জাগো নিউজ: ১৬)

ইটালির রোমের উপকণ্ঠে নিজ বাসায় এক প্রবাসী বাংলাদেশি পরিবারের ৩ সদস্যকে ছুরিকাঘাতে হত্যা করেছে দুর্বৃত্তরা। (ডয়েচে ভেলে: ০৮)

ভেনেজুয়েলায় ভূমিকম্পে মৃতের সংখ্যা ১৪০০ ছাড়িয়েছে। (বিবিসি: ০৪)

হরমুজ প্রণালিতে একটি কার্গো জাহাজে হামলার ঘটনাকে কেন্দ্র করে ইরানের বিভিন্ন লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। (বিবিসি: ০৪)

# বিবিসি

## মালয়েশিয়া ও চীন সফর থেকে কী অর্জন করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান?

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের মালয়েশিয়া ও চীন সফরকে 'অভূতপূর্ব সাফল্য' হিসেবে উল্লেখ করে আনা একটি ধন্যবাদ প্রস্তাব শনিবার বাংলাদেশের জাতীয় সংসদে গৃহীত হয়েছে। "সফরকালে চীনের সঙ্গে ১৭টি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। এছাড়া দুই দেশের শীর্ষ পর্যায়ের বৈঠকে অর্থনৈতিক সহযোগিতা, বিনিয়োগ, বাণিজ্য সম্প্রসারণ এবং রোহিঙ্গা সংকটের সমাধানসহ বিভিন্ন বিষয়ে ইতিবাচক অগ্রগতির ভিত্তি তৈরি হয়েছে," প্রস্তাবটি উত্থাপনের সময়ে বলেছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। জবাবে সংসদ সদস্যদের ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, "বাংলাদেশের মানুষ আমাদেরকে দায়িত্ব দিয়েছে তাদের স্বার্থ দেখার জন্য। আমি যে কাজটি করার চেষ্টা করেছি আমার অবস্থান থেকে, আমার দেশের মানুষের স্বার্থ নিয়ে কথা বলা ও সেই স্বার্থ রক্ষা করার চেষ্টা করেছি। যদি ভালো কিছু অর্জন হয়, এটি বাংলাদেশের অর্জন। এ সফরে দেশের মানুষের কোনো অর্জন হলে, সেটি দেশের মানুষের অর্জন।" গত ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসার পর গত ২১ থেকে ২৬ জুন মালয়েশিয়া ও চীন সফর ছিল মি. রহমানের প্রথম বিদেশ সফর। সফরকালে তিনি প্রথমে মালয়েশিয়া যান এবং পরে সেখান থেকে চীনে যান। প্রধানমন্ত্রীর এই সফরের আগে মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত করা এবং চীনের সাথে তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নসহ কিছু বিষয় ব্যাপকভাবে আলোচনায় এসেছিল। বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর মালয়েশিয়া ও চীন সফরে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাথে দেশ দুটির শীর্ষ নেতাদের বৈঠকগুলোই বাংলাদেশের জন্য স্বস্তির। তাদের মতে, এই সফরে হওয়া সমঝোতাগুলোর ভিত্তিতে দুটি দেশের সাথেই সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার প্রক্রিয়া সচল হলো। বিশেষ করে তারা মনে করেন, মালয়েশিয়ার শ্রম বাজার আবার চালু হওয়া, বাংলাদেশ থেকে মিয়ানমার হয়ে চীন পর্যন্ত একটি অর্থনৈতিক করিডর এবং চীনের সাথে পররাষ্ট্র ও প্রতিরক্ষায় 'টু প্লাস টু' সমঝোতা বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ অর্জন হয়ে ওঠার সম্ভাবনা তৈরি হয়েছে এই সফরের মাধ্যমে।

**মালয়েশিয়া ও চীন সফরে যা হলো**

মালয়েশিয়া সফরের শেষ পর্যায়ে যৌথ সংবাদ সম্মেলনের সময় প্রধানমন্ত্রী তারেক রহমান নিজেই জানিয়েছিলেন যে, তিনি আরও বেশি বাংলাদেশি শ্রমিক নিয়োগ, অনিয়মিত শ্রমিকদের নিয়মিতকরণ, আটক বাংলাদেশিদের দেশে পাঠানো এবং একইসঙ্গে যত দ্রুত সম্ভব শ্রমবাজার খুলে দেওয়ার বিষয়ে অনুরোধ করেছেন। এছাড়াও, দুই দেশের যৌথ বিবৃতিতে নয়টি বিষয় উঠে এসেছিল। এতে বিশ্ববিদ্যালয় শিক্ষা পর্যায়ে সহযোগিতা বাড়ানো, ডিজিটাল অর্থনীতি, কৃত্রিম বুদ্ধিমত্তা ও সেমি-কন্ডাক্টর খাতে সহযোগিতা জোরদারের পাশাপাশি 'বৈশ্বিক ইসলামি অর্থনীতির' সম্ভাবনাকে বিবেচনায় নিয়ে 'হালাল শিল্পে' সহযোগিতা বাড়াতে দুই প্রধানমন্ত্রী সম্মত হয়েছেন উল্লেখ করা হয়েছে। অন্যদিকে চীন সফরের বিষয়ে সরকারি বার্তা সংস্থা বাসস বলেছে, প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের মধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠকে বাংলাদেশ থেকে মিয়ানমার হয়ে চীন পর্যন্ত একটি অর্থনৈতিক করিডোর করার প্রস্তাব দিয়েছে বেইজিং। এছাড়া, চীন চট্টগ্রাম বন্দরের আধুনিকায়ন এবং মোংলাবন্দরকে আপগ্রেড, আরও বেশি প্রোগ্রেসিভ ও সার্ভিস ওরিয়েন্টেড করার জন্য চীন আগ্রহ প্রকাশ করেছে বলে বৈঠকের পর এক প্রেস ব্রিফিংয়ে জানিয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। এই সফর ও বৈঠকের অন্যতম গুরুত্বপূর্ণ ফলাফল হিসেবে ১৩টি সমঝোতা স্মারক ও ৪টি অতিরিক্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে বলেও জানান মি. আমিন।

এছাড়া, দুই দেশের যৌথ ঘোষণায় বাংলাদেশের তিস্তা মহাপরিকল্পনায় চীনের সহায়তা এবং দুই দেশের মধ্যে পররাষ্ট্র ও প্রতিরক্ষা খাতে 'টু প্লাস টু' কৌশলগত সংলাপ চালুর মতো বিষয়টি তুলে ধরা হয়েছে। তবে এই সফরের আগে তিস্তা মহাপরিকল্পনা এবং যুদ্ধবিমান কিংবা সামরিক সরঞ্জাম কেনার বিষয়টি জনপরিসরে আলোচনায় এলেও এসব বিষয়ে সরাসরি কোনো সমঝোতা স্মারক বা চুক্তি স্বাক্ষরিত হয়নি। যৌথ ঘোষণা অনুযায়ী, চীন তার সক্ষমতা অনুযায়ী তিস্তা নদী সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পে (টিআরসিএমআরপি) সহায়তা করবে। পাশাপাশি সম্ভাব্যতা সমীক্ষা দ্রুত শেষ করতে দুই দেশের বিশেষজ্ঞদের কাজ এগিয়ে নিতে সহযোগিতা করবে। মাহদী আমিন অবশ্য বলেছেন, "ফরেন এবং ডিফেন্স- এই দুটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে 'ফর দ্য ফার্স্ট টাইম' বাংলাদেশের সাথে চায়নার 'টু প্লাস টু' একটা আন্ডারস্ট্যান্ডিং হয়েছে।" তবে এ বিষয়ে এখনো কাজ চলছে বলেও জানান তিনি। মি. আমিন জানান, "দুই দেশের শীর্ষ নেতৃত্বের আলোচনার ভিত্তিতে ১৬ দফার একটি যৌথ ইশতেহার প্রকাশ করা হয়েছে, যেখানে সম্পর্কের ভবিষ্যৎ রূপরেখা ও বড়ো সিদ্ধান্তগুলো জায়গা পেয়েছে।" বৈঠকে দুই দেশের বিদ্যমান বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানানো হয়েছে। বিনিয়োগ আকর্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং চীনের শিল্প স্থানান্তর প্রক্রিয়ায় বাংলাদেশকে যুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানান মি. আমিন।

**বাংলাদেশের অর্জন কী**

বিশ্লেষকরা বলছেন, ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের দুই বছরের 'অস্থির সময়' পাড়ি দিয়ে ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসার পর মালয়েশিয়া ও চীনের সর্বোচ্চ নেতাদের সাথে বাংলাদেশের প্রধানমন্ত্রীর বৈঠকই একটি ইতিবাচক বিষয়। "শীর্ষ পর্যায়ের বৈঠকটাই একটা বড়ো অর্জন। এতে করে দেশ দুটির সাথে সম্পর্কে নতুন মাত্রা যোগ হলো। উভয় দেশই বাংলাদেশের সাথে তাদের সম্পর্ককে সামনে এগিয়ে নিতে আগ্রহ প্রকাশ করেছে," বিবিসি বাংলাকে বলছিলেন চীনে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত মুন্সি ফয়েজ আহমদ। তিনি বলেন, চীন ও বাংলাদেশ নিজেদের মধ্যে যোগাযোগ আরও বাড়ানো এবং কূটনীতি ও প্রতিরক্ষা বিষয়ক 'টু প্লাস টু সংলাপ' চালুর বিষয়ে আলোচনার কথা বলেছে, যা এই সফরের অন্যতম গুরুত্বপূর্ণ দিক। মি. আহমদ বলছেন, "সফরে বাংলাদেশের জন্য প্রয়োজনীয় সবগুলো বিষয়ই আলোচনায় এসেছে। হয়ত খুঁটিনাটি পরে আসবে। তখন বিনিয়োগকারী ও ব্যবসায়ীরা বিষয়টিকে আরও এগিয়ে নেবেন। তবে এ সফরের বিশেষত্ব হলো- টাইমিং। দেশে রাজনৈতিক পরিবর্তনের পর বৈদেশিক সম্পর্ক নিয়ে উদ্বেগ তৈরি হয়েছিল। এ সফর এটি নিশ্চিত করেছে যে, চীন ও বাংলাদেশ একযোগে কাজ করবে।" ভূ-রাজনৈতিক বিশ্লেষক ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মো. ফরিদ হোসেন বলছেন, প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফরে যে-সব অঙ্গীকার প্রকাশ পেয়েছে, সেগুলো ইতিবাচক। তবে তার মতে, চীনের সাথে যে-সব বিষয়ে কথাবার্তা হয়েছে, সেগুলোর কিছু বিষয়ে ভারতের যে উদ্বেগ, সেটিকে বাংলাদেশ কূটনৈতিকভাবে কীভাবে ডিল করে, সেটাও দেখার বিষয়ে হবে। "মালয়েশিয়ায় শ্রমবাজার উন্মুক্ত হলে এবং অনিয়মিত শ্রমিকদের নিয়মিতকরণে অগ্রগতি হলে সফরটির অর্জন সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। দক্ষিণ পূর্ব এশিয়ায় হাইটেক ইন্ডাস্ট্রি ও সেমি-কন্ডাক্টর খাতে মালয়েশিয়া সফল মডেলে। তাদের বিনিয়োগ বাংলাদেশে আসার পরিবেশ নিশ্চিত করাটা এখন সরকারের দায়িত্ব," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। মি. হোসেন বলছেন, চীনের সাথে অর্থনৈতিক করিডোরের আলোচনা একটি ভালো অর্জন, তবে চীনের সাথে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনাই হবে সরকারের বড়ো চ্যালেঞ্জ। "বাংলাদেশে বড়ো বিনিয়োগকারী দেশ হিসেবে এ সফরের পর চীনের বিনিয়োগ আরও গতি পাবে আশা করছি। তিস্তা প্রকল্পে তাদের সম্পৃক্ততার সম্ভাবনা তৈরি হয়েছে। সব মিলিয়ে যা অঙ্গীকার ও উদ্যোগ আছে, তা ইতিবাচক। দেখার বিষয় হবে এগুলো সরকার কতটা এগিয়ে নিতে পারেন," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৬.২০২৬ নারগীস)

## ভেনেজুয়েলায় ভূমিকম্পে মৃত্যু ৯০০ ছাড়িয়েছে, প্রিয়জনের খবর পেতে উদ্বিগ্ন বহু মানুষ

সরকারের তথ্য অনুযায়ী, ভেনেজুয়েলায় ভূমিকম্পে মারা গেছে অন্তত ৯০০ জনেরও বেশি মানুষ আর এখন পর্যন্ত আহত হয়েছে ৩ হাজার ৩৬০ জন। উদ্ধারকারীরা এখনও জীবিতদের সন্ধান করছেন, আর স্বজনরা তাদের প্রিয়জনের খবর পেতে উৎকণ্ঠার সঙ্গে অপেক্ষা করছেন। রাজধানী কারাকাসসহ দেশটির উত্তরাঞ্চলীয় বিভিন্ন এলাকায় দুটি ভূমিকম্পে বহু ভবন ধ্বংস হয়ে যাওয়ায় আহতদের অস্থায়ী চিকিৎসাকেন্দ্রে চিকিৎসা দেওয়া হচ্ছে। সরকারের এক সিনিয়র কর্মকর্তা জানিয়েছেন, শত শত আন্তর্জাতিক উদ্ধারকর্মী ইতোমধ্যে দেশটিতে এসে পৌঁছেছেন এবং আরও উদ্ধারকারী দল আসছে। বুধবার কয়েক সেকেন্ডের ব্যবধানে ভেনেজুয়েলায় দুটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। এর মধ্যে দ্বিতীয় ভূমিকম্পটির মাত্রা ছিল ৭ দশমিক ৫, যা গত এক শতাব্দীতে দেশটিতে আঘাত হানা সবচেয়ে শক্তিশালী ভূমিকম্পগুলোর একটি। কর্মকর্তারা বলছেন, রাজধানীর উত্তরে অবস্থিত লা গুয়াইরা সবচেয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চল। এই রাজ্যে দেশের দুটি প্রধান সমুদ্রবন্দরের একটি এবং দেশের প্রধান বিমানবন্দর সিমন বলিভার আন্তর্জাতিক বিমানবন্দর অবস্থিত। অনেক মানুষ এখনও নিখোঁজ রয়েছেন। উদ্ধার অভিযান চলতে থাকায় নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## কার্গো জাহাজে ইরানের হামলার পর পাল্টা হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র

হরমুজ প্রণালিতে একটি কার্গো জাহাজে হামলার ঘটনাকে কেন্দ্র করে মার্কিন সামরিক বাহিনী ইরানের বিভিন্ন লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। এর আগে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিরুদ্ধে একটি "বোকামিপূর্ণ যুদ্ধ লঙ্ঘন" করার অভিযোগ তুলেছিলেন। মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, তারা শুক্রবার ক্ষেপণাস্ত্র ও ড্রোন সংরক্ষণাগার এবং উপকূলীয় রাডার অবস্থানে আঘাত হেনেছে। তারা বলেছে, বৃহস্পতিবার একটি কার্গো জাহাজে ড্রোন হামলার জবাবে এই হামলা চালানো হয়েছে। এই ঘটনায় ওই অঞ্চলে আটকে পড়া হাজার হাজার নাবিককে সরিয়ে নেওয়ার পরিকল্পনা আপাতত স্থগিত হয়ে গেছে। তেহরান বলেছে, গুরুত্বপূর্ণ এই উপসাগরীয় নৌপথ দিয়ে পাড়ি দেওয়ার সময় জাহাজটি অনুমোদনহীন পথ ব্যবহার করছিল, তাই সেটিতে হামলা করা হয়। ইউএস সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম এই হামলাকে আগের দিনের ড্রোন হামলার "শক্তিশালী জবাব" হিসেবে বর্ণনা করেছে। এক বিবৃতিতে তারা বলেছে, "বাণিজ্যিক জাহাজ চলাচলের বিরুদ্ধে ইরানি বাহিনীর অযৌক্তিক আগ্রাসন স্পষ্টভাবে যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে।" "এছাড়া, ইরানের বিপজ্জনক আচরণ এই গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বাণিজ্যপথে চলাচলের স্বাধীনতাকে খর্ব করেছে, যেখানে ক্রমেই বাণিজ্যিক চলাচল বাড়ছে।"

সেন্টকম বলেছে, প্রণালি অতিক্রমকারী বাণিজ্যিক জাহাজগুলোকে "নিরাপদ যাতায়াতের সমন্বয় ও সহায়তা" প্রদান অব্যাহত রাখবে মার্কিন সামরিক বাহিনী। তবে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) এই ঘটনার জন্য "চুক্তিভঙ্গকারী মার্কিন শাসনব্যবস্থার" ওপর দোষ চাপিয়েছে। এক বিবৃতিতে তারা বলেছে, "হরমুজ

প্রণালিতে একটি জাহাজ অনুমোদনহীন পথে চলাচল করার," প্রেক্ষাপট তৈরি করে যুক্তরাষ্ট্র ইরানের উপকূলে বিমান হামলা চালিয়েছে। আইআরজিসি জানিয়েছে, তাদের নৌবাহিনী মার্কিন হামলার পাল্টা জবাবে ওই অঞ্চলে যুক্তরাষ্ট্রের সামরিক অবস্থানগুলোতে আঘাত হেনেছে, তবে এর বিস্তারিত দেয়নি। এ বিষয়ে মতামতের জন্য বিবিসি পেন্টাগনের সঙ্গে যোগাযোগ করেছে। আইআরজিসি আরও বলেছে, "এই আগ্রাসন পুনরাবৃত্তি হলে আমাদের প্রতিক্রিয়া এর চেয়েও বিস্তৃত হবে।" ফেব্রুয়ারির শেষ দিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পক্ষ থেকে ইরানের বিরুদ্ধে হামলা শুরু হওয়ার পর তেহরান কার্যত প্রণালিটি বন্ধ করে দেয়। তেল ও গ্যাস পরিবহণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই নৌপথ বন্ধ হয়ে যাওয়ায় বৈশ্বিক তেলের দাম বেড়ে যায় এবং সারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ পণ্যের সরবরাহ ব্যাহত হয়। ১৭ জুন যুক্তরাষ্ট্র ও ইরান ১৪ দফা সমঝোতা স্মারকের আওতায় বৈরিতা বন্ধে সম্মত হয়, যেখানে ইরানকে ৬০ দিনের জন্য "বাণিজ্যিক জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিত করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালাতে" বলা হয়েছিল। এজন্য কোনো ধরনের ফি না নেওয়ার কথা উল্লেখ ছিল। মার্কিন পাল্টা হামলার পর এক্সে পোস্ট করে যুক্তরাষ্ট্রের ভাইস-প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেন, ইরানের যদি "সমঝোতা স্মারক কীভাবে প্রয়োগ করা হচ্ছে এ নিয়ে কোনো মতবিরোধ থাকে, তারা ফোন তুলতে পারে।" তিনি যোগ করেন, "কিন্তু সহিংসতার জবাব সহিংসতা দিয়েই দেওয়া হবে।" তবে ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা কমিশনের প্রধান ইব্রাহিম আজিজি সামাজিক মাধ্যমে বলেছেন, যুক্তরাষ্ট্র "আবারও আলোচনার মাঝখানে ইরানে হামলা চালিয়েছে।" তিনি আরও লেখেন, "যুদ্ধবিরতির এই বেপরোয়া লঙ্ঘন সব সময়কার মতোই তাদের পশ্চাদপসরণ ও অনুতাপে নিয়ে যাবে। একে অপরকে দোষারোপ করার খেলা আর কাজ করছে না।" শুক্রবার বিকেলে হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময়, ড্রোন হামলার জবাবে যুক্তরাষ্ট্র কী করতে পারে বা যুদ্ধবিরতি এখনো বহাল আছে কিনা এ বিষয়ে প্রশ্ন এড়িয়ে যান ট্রাম্প। তিনি বলেন, "আপনারা জানতে পারবেন। তারা গতকাল গুলি চালিয়েছে, এটা আমার ভালো লাগেনি। তাদের এভাবে করা উচিত নয় " ইরান কেন এমন অভিযান চালাতে পারে এ প্রশ্নের উত্তরে ট্রাম্প কেবল বলেন, "তারা একটু ভিন্ন ধাঁচের।"

সাম্প্রতিক দিনগুলোতে ট্রাম্প ও অন্য মার্কিন কর্মকর্তারা বলেছেন, ইরানের সঙ্গে আলোচনা ভালোই এগোচ্ছিল এবং তারা হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজের ওপর কোনো শুল্ক আরোপের প্রস্তাব থেকে সরে এসেছে। বুধবার ট্রাম্প ট্রুথ সোশালে লেখেন, ইরান যুক্তরাষ্ট্রকে জানিয়েছে যে, "কোনো টোল, কোনো বীমা খরচ এবং অন্য কোনো ধরনের চার্জ আরোপ বা আদায় করা হবে না।" তিনি যোগ করেন, "এটি মিথ্যা তথ্য হলে আলোচনা সঙ্গে সঙ্গে বন্ধ হয়ে যাবে।" প্রণালি দিয়ে যাতায়াতকারী তেলবাহী জাহাজের কাছ থেকে ফি নেওয়ার খবরের নিন্দা জানিয়েছে যুক্তরাষ্ট্র, এবং অনেকেই মনে করেন যে এ ধরনের শুল্ক আন্তর্জাতিক সামুদ্রিক আইন লঙ্ঘন করে। মঙ্গলবার ইরান ও ওমানের কর্মকর্তারা ওমানের রাজধানী মাসকটে "নৌচলাচলের ভবিষ্যৎ ব্যবস্থাপনা" নিয়ে আলোচনা করেন, যেখানে ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর আল-বুসাইদি বলেন, উভয় দেশই "কোনো ফি ছাড়া নিরাপদ যাতায়াত" নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তবে ইরানের প্রধান আলোচক মোহাম্মদ বাকের গালিবাফ ইরানি রাষ্ট্র সমর্থিত সংবাদমাধ্যমকে বলেছেন, "সবার জানা উচিত যে, হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ আর কখনোই যুদ্ধপূর্ব অবস্থায় ফিরে যাবে না।" বৃহস্পতিবার যে কার্গো জাহাজটিতে হামলা হয়, সেটির নাম এভার লাভলি, যা সিঙ্গাপুরের পতাকাবাহী একটি জাহাজ। ব্রিটিশ সামুদ্রিক নিরাপত্তা সংস্থা ইউকেএমটিওর তথ্য অনুযায়ী, ওমানের দাহিত বন্দরের দক্ষিণ-পূর্বে ৭.৫ নটিক্যাল মাইল দূরে জাহাজটিতে আঘাত হানে। জাহাজটির মালিক এভারগ্রিন জানিয়েছে, ইউকেএমটিওর সুপারিশকৃত পথ অনুসরণ করেই প্রণালি অতিক্রম করছিল এভার লাভলি, যখন সেটিতে আঘাত করা হয়। তারা যোগ করে, "সমস্ত নাবিক নিরাপদে আছেন, জাহাজ ও পণ্যও অক্ষত রয়েছে।" এর ফলে জাতিসংঘের আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থা (আইএমও) যুদ্ধ শুরুর পর থেকে এই গুরুত্বপূর্ণ জলপথে আটকে পড়া ১১ হাজারের বেশি নাবিককে সরিয়ে নেওয়ার যে পরিকল্পনা নিয়েছিল, সেটি স্থগিত করেছে।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### 'বাংলাদেশ ফার্স্ট' নীতিতে অটল সরকার, সফল বিদেশ সফরের কৃতিত্ব জনগণের : প্রধানমন্ত্রী

দেশের স্বার্থকে সবার ওপরে স্থান দেওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বাংলাদেশের প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান বলেছেন, তার সরকারের মূল নীতি হলো 'বাংলাদেশ ফার্স্ট' বা 'বাংলাদেশ প্রথম' | বাংলাদেশের মানুষ নিজেদের স্বার্থ দেখার জন্যই সরকার ও সংসদ সদস্যদের দায়িত্ব দিয়েছে। আজ (শনিবার) স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনের ১৬তম দিনের বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। নিজের রাজনৈতিক ও কূটনৈতিক অবস্থান পুনর্ব্যক্ত করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, "আমাদের দল সব সময় 'বাংলাদেশ ফার্স্ট' স্লোগানটি ব্যবহার করে। আমি নিজের অবস্থান থেকে সব সময় দেশের এবং দেশের মানুষের স্বার্থ নিয়ে কথা বলার এবং তা রক্ষা করার চেষ্টা করে যাচ্ছি। এখানে কোনো ব্যক্তিগত বিষয় বা স্বার্থ জড়িত নেই। যেকোনো ভালো অর্জন বা সফল সফরের মাধ্যমে যদি ইতিবাচক কিছু অর্জিত হয়ে থাকে, তবে তা একান্তই বাংলাদেশ এবং দেশের মানুষের অর্জন।" সংসদে তার বক্তব্যের প্রতি সমর্থন ও উৎসাহ জোগানোর জন্য তিনি বিরোধীদলীয় নেতাসহ সংসদের সব সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানান।

**ঐতিহাসিক মালয়েশিয়া-চীন সফর ও সম্পর্কের নতুন মানদণ্ড**

এর আগে, বৈঠকের শুরুতেই স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর গত ২১ থেকে ২৬ জুন পর্যন্ত অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর সাম্প্রতিক মালয়েশিয়া ও চীন সফরের ওপর একটি ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন। উত্থাপিত ধন্যবাদ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, প্রধানমন্ত্রীর এই সফর বাংলাদেশের নিজস্ব ও বহুমাত্রিক পররাষ্ট্রনীতির ওপর ভিত্তি করেই সম্পন্ন হয়েছে, যা আন্তর্জাতিক বিশ্বের সঙ্গে দেশের সম্পর্কের নতুন মানদণ্ড নিশ্চিত করেছে। বাংলাদেশের রাজনীতিতে একটি গুণগত ও সাংস্কৃতিক পরিবর্তনের সূচনা করার জন্য প্রধানমন্ত্রীর প্রশংসা করে অর্থমন্ত্রী বলেন, “বিদেশে যাওয়ার সময় বা দেশে ফেরার সময় বিমানবন্দরে হাজার হাজার লোকের সংবর্ধনা নেওয়ার যে দীর্ঘদিনের রেওয়াজ ছিল, প্রধানমন্ত্রী তা পরিহার করেছেন। এর মাধ্যমে তিনি আগামী দিনের বাংলাদেশের রাজনীতির জন্য একটি ইতিবাচক ও মার্জিত মানদণ্ড স্থাপন করলেন।”

**কৌশলগত স্বায়ত্তশাসন ও অর্থনৈতিক গুরুত্ব**

কূটনৈতিক দিক তুলে ধরে অর্থমন্ত্রী জানান, এই ভ্রমণের মূল ভিত্তি ছিল পারস্পরিক শ্রদ্ধা, পারস্পরিক স্বার্থ, অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং বাংলাদেশের নিজস্ব কৌশলগত স্বায়ত্তশাসন। তিনি উল্লেখ করেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান প্রত্যেকটি দেশের সঙ্গে সম্পর্কের যে বহুমাত্রিক পররাষ্ট্রনীতি প্রতিষ্ঠা করেছিলেন, প্রধানমন্ত্রী তার এই সফরের মাধ্যমে সেই ধারাকেই অব্যাহত রেখেছেন এবং দেশের স্বার্থ রক্ষায় সরকার কোনো জায়গাতেই আপস করবে না। সফরের অর্থনৈতিক গুরুত্ব ব্যাখ্যা করে আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, মালয়েশিয়াতে বাংলাদেশের শ্রমবাজারের একটি বড়ো স্বার্থ রয়েছে। এছাড়া দেশটির সঙ্গে জ্বালানি, বাণিজ্য এবং বিনিয়োগের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান। অন্যদিকে, চীন বাংলাদেশের সবচেয়ে বড়ো বাণিজ্য অংশীদার। চীনের সঙ্গে বিভিন্ন অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি বিশাল বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে কীভাবে দেশটিতে বাংলাদেশের রপ্তানি আরও বাড়ানো যায়, সফরে সেই বিষয়েও অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে। সংসদ নেতা ও অর্থমন্ত্রী উভয়েই আশাবাদ ব্যক্ত করেন যে, এই সফর শুধু আগামীর বাংলাদেশের রাজনীতিতেই নয়, বরং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের কৌশলগত অবস্থানকে আরও সুদৃঢ় করবে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৭.০৬.২০২৬ নারগীস)

## দুই দেশের সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে তারেক রহমানের চীন সফর

বাংলাদেশ বিমান বাহিনীর আধুনিকায়ন কর্মসূচির অংশ হিসেবে চীন থেকে ২৪টি জেট এন সি ই মাল্টিরোল যুদ্ধবিমান কেনার উদ্যোগ দক্ষিণ এশিয়ার কৌশলগত ভারসাম্য বাংলাদেশ-চীন সম্পর্ক এবং আঞ্চলিক নিরাপত্তা রাজনীতির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মোড় হিসেবে বিবেচিত হচ্ছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের বেইজিং সফরের সময় এই চুক্তি উল্লেখযোগ্য গতি পেয়েছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে এবং আগস্টের মধ্যে চূড়ান্ত চুক্তি স্বাক্ষরের সম্ভাবনাও সামনে এসেছে। এই সম্ভাব্য চুক্তি শুধু সামরিক সক্ষমতা বৃদ্ধির বিষয় নয় বরং বাংলাদেশের বৈদেশিক নীতি, প্রতিরক্ষা কৌশল এবং ভূ-রাজনৈতিক অবস্থানের একটি নতুন অধ্যায়ের সূচক হিসেবেও দেখা হচ্ছে। বাংলাদেশ দীর্ঘদিন ধরেই বিমান বাহিনীর আধুনিকায়নের লক্ষ্যে ফোর্সেস গোল টু জিরো থ্রি জিরো-এর আওতায় নতুন যুদ্ধবিমান সংগ্রহের পরিকল্পনা করে আসছে। বর্তমানে বিমান বাহিনীর বহরের চীনের এফ-৭, রাশিয়ার মিগ-২৯ এবং প্রশিক্ষণ হালকা আক্রমণের কাজে ব্যবহৃত বিভিন্ন প্ল্যাটফর্ম রয়েছে। কিন্তু প্রযুক্তিগত দিক থেকে চতুর্থ প্রজন্মের আধুনিক মাল্টিরোল যুদ্ধবিমানের অভাব ছিল। সেই প্রেক্ষাপটে জেট এন সি ই যুদ্ধবিমান সংগ্রহ বাংলাদেশের জন্য একটি বড়ো ধরনের সক্ষমতা বৃদ্ধি হিসেবে বিবেচিত হচ্ছে। জেট এন সি ই হচ্ছে চীনের চিন্দু ইয়ারক্রাফট করপোরেশনের তৈরি একটি উন্নত মাল্টিরোল ফাইটার জেট, যা আধুনিক রাডার, বিওন ভিজুয়াল রেঞ্জ, ক্ষেপণাস্ত্র, উন্নত ইলেকট্রনিক ওয়ারফেয়ার সিস্টেম এবং একাধিক ধরনের অস্ত্র বহনের সক্ষমতা নিয়ে তৈরি করা হয়েছে। পাকিস্তান ইতোমধ্যেই এই বিমান তাদের বিমান বাহিনীতে যুক্ত করেছে এবং এটি ভারতের রাফাল যুদ্ধবিমানের মোকাবিলায় একটি কার্যকর প্ল্যাফর্ম হিসেবে আলোচিত হয়েছে। ফলে বাংলাদেশ যদি ২৪টি জেট এন সি ই সংগ্রহ করতে সক্ষম হয়, তাহলে তার দেশের আকাশ প্রতিরক্ষা সক্ষমতায় একটি উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসবে। প্রতিটি যুদ্ধবিমানের আনুমানিক মূল্য প্রায় ৪০ মিলিয়ন মার্কিন ডলার ধরা হলে পুরো প্রকল্পের ব্যয় প্রায় ৯৬০ মিলিয়ন ডলার বা প্রায় এক বিলিয়ন ডলারের কাছাকাছি পৌঁছতে পারে। তবে শুধু বিমান ক্রয়ই নয় এর সঙ্গে প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণ, অস্ত্র ব্যবস্থা, খুচরা যন্ত্রাংশ, প্রযুক্তিগত সহায়তা এবং অবকাঠামো উন্নয়ন যুক্ত হলে প্রকল্পের সামগ্রিক ব্যয় আরো বৃদ্ধি পেতে পারে। সুতরাং এটি বাংলাদেশের সামরিক ইতিহাসের অন্যতম বড়ো প্রতিরক্ষা বিনিয়োগে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে।

প্রধানমন্ত্রী তারেক রহমানের বেইজিং সফরের আরেকটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে- এই সফরকে কেন্দ্র করে বাংলাদেশ ও চীনের সম্পর্ককে আরো উচ্চতর পর্যায়ে উন্নত করার উদ্যোগ। দুই দেশের মধ্যে প্রতিরক্ষা, অবকাঠামো, বাণিজ্য, বিনিয়োগ, প্রযুক্তি এবং কৌশলগত সহযোগিতাসহ প্রায় ১৭টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাবনার কথা জানানো হয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো দুই দেশের সম্পর্ককে শেয়ারড ফিউচার বা অভিন্ন ভবিষ্যতের অংশীদারিত্ব হিসেবে উন্নত করার পরিকল্পনা। এটি বাস্তবায়িত হলে বাংলাদেশ-চীন সম্পর্ক শুধু অর্থনৈতিক

অংশীদারিত্বের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না বরং তা কৌশলগত ও দীর্ঘমেয়াদি সহযোগিতার ভিত্তিতে নতুন মাত্রা লাভ করবে। চীন বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বড়ো বাণিজ্যিক অংশীদার এবং প্রধান প্রতিরক্ষা সরঞ্জাম সরবরাহকারী দেশ। বাংলাদেশ নৌবাহিনীর সাবমেরিন থেকে শুরু করে বিভিন্ন নৌযান, ক্ষেপণাস্ত্র ব্যবস্থা এবং যুদ্ধবিমানসহ বহু সামরিক সরঞ্জাম চীনের কাছ থেকে সংগ্রহ করেছে। ফলে জেটএনসিই ক্রয়ের উদ্যোগকে দুই দেশের প্রতিরক্ষা সাহযোগীতার স্বাভাবিক ধারাভিকতা হিসেবেই দেখা হচ্ছে। তবে এই পদক্ষেপ ভারতের জন্য উদ্বেগের কারণ হয়ে উঠছে বলে বিভিন্ন আন্তর্জাতিক বিশ্লেষণে উল্লেখ করা হচ্ছে। ভারতের দৃষ্টিকোণ থেকে বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ প্রতিবেশী এবং দক্ষিণ এশিয়ার নিরাপত্তা পরিবেশে একটি গুরুত্বপূর্ণ ভূখণ্ড। ভারতের উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে যোগাযোগ, বঙ্গোপসাগরের সামুদ্রিক নিরাপত্তা এবং আঞ্চলিক স্থিতিশীলতার ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই কারণে বাংলাদেশের সামরিক ক্ষেত্রে চীনের ক্রমবর্ধমান উপস্থিতি নয়াদিল্লির কৌশলগত হিসাব-নিকাশে নতুন মাত্রা যোগ করছে। বিশ্বাস করে, ভারত-চীন প্রতিদ্বন্দ্বিতার বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশের মতো প্রতিবেশী দেশে চীনা সামরিক প্রযুক্তির বিস্তার ভারতের জন্য একটি কৌশলগত চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হতে পারে। যদিও বাংলাদেশ বরাবরই তার পরাষ্ট্রনীতিতে 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়' রীতি অনুসরণ করে এসেছে। তবুও বৃহৎ শক্তিগুলোর প্রতিদ্বন্দ্বিতার মধ্যে ভারসাম্য বজায় রাখা ভবিষ্যতে আরো কঠিন হয়ে উঠতে পারে।

অন্যদিকে বাংলাদেশের জন্য বিষয়টি কেবল চীনমুখী হওয়া নয় বরং জাতীয় প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধির একটি বাস্তব প্রয়োজন হিসেবেও দেখা হচ্ছে। বঙ্গোপসাগরকেন্দ্রিক ভূ-রাজনৈতিক গুরুত্ব বৃদ্ধি, আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতির পরিবর্তন এবং আধুনিক যুদ্ধের প্রযুক্তিগত চাহিদার কারণে বিমানবাহিনীর আধুনিকায়ন এখন একটি কৌশলগত প্রয়োজন। জেট এন সি ই যুদ্ধবিমান যুক্ত হলে বাংলাদেশের আকাশ প্রতিরক্ষা, দূরপাল্লায় আঘাত হানার ক্ষমতা এবং সমন্বিত যুদ্ধ পরিচালনার সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে। তবে এর সঙ্গে কিছু চ্যালেঞ্জও রয়েছে। আধুনিক যুদ্ধবিমান সংগ্রহের পর সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ হয় এর কার্যকর পরিচালনা ও রক্ষণাবেক্ষণে নিশ্চিত করা। দক্ষ পাইলট, প্রকৌশলী প্রযুক্তিবিদ এবং প্রয়োজনীয় অবকাঠামো ছাড়া এই ধরনের এই ধরনের উন্নত প্ল্যাটফর্মের পূর্ণ সক্ষমতা অর্জন সম্ভব নয়। এছাড়া দীর্ঘমেয়াদি খুচরা যন্ত্রাংশ ও প্রযুক্তিগত সহায়তার জন্য সরবরাহকারী দেশের উপর নির্ভরশীলতাও একটি গুরুত্বপূর্ণ বিষয়। অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকেও এই প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে বৈদেশিক মুদ্রার রিজার্ভ, বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা এবং উন্নয়ন ব্যয়ের চাপের মধ্যে প্রায় এক বিলিয়ন ডলারের প্রতিরক্ষা বিনিয়োগ নিয়ে দেশের অভ্যন্তরে আলোচনা সৃষ্টি হওয়া স্বাভাবিক। একদিকে জাতীয় নিরাপত্তার প্রয়োজনীয়তা, অন্যদিকে উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রাধিকারের মধ্যে ভারসাম্য রক্ষা করার জন্য একটি বড়ো নীতিগত চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। সামগ্রিকভাবে দেখা যায়, ২৪টি জেট এন সি ই মাল্টিরোল যুদ্ধ বিমান ক্রয়ের সম্ভাব্য চুক্তি শুধু একটি অস্ত্র কেনা-বেচার বিষয় নয়, এটি বাংলাদেশ-চীন সম্পর্কের গভীরতা, দক্ষিণ এশিয়ার ভূ-রাজনৈতিক বাস্তবতা, ভারত-চীন প্রতিদ্বন্দ্বিতার প্রভাব এবং বাংলাদেশের প্রতিরক্ষা আধুনিকায়নের দীর্ঘমেয়াদি কৌশলের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। প্রধানমন্ত্রী তারেক রহমানের বেইজিং সফরের মাধ্যমে যে নতুন কৌশলগত অধ্যায়ের সূচনা হতে যাচ্ছে বলে ধারণা করা হচ্ছে, তা ভবিষ্যতে বাংলাদেশের পররাষ্ট্রনীতি এবং নিরাপত্তা কাঠামোকে নতুনভাবে সংজ্ঞায়িত করতে পারে। একইসঙ্গে এটি দক্ষিণ এশিয়ার শক্তির ভারসাম্যে একটি নতুন বাস্তবতা সৃষ্টি করতে পারে। যেখানে বাংলাদেশ আরও আত্মবিশ্বাসী ও আধুনিক সামরিক ক্ষমতা সম্পন্ন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশের পথে এগিয়ে যাবে।

(রেডিও তেহরান: ২৭.০৬.২০২৬ রুবাইয়া, এলিনা)

## হরমুজ প্রণালি দিয়ে তেল পরিবহণ : জাহাজ সংকটে ভারত

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল আবার শুরু হলেও, জাহাজের মালিকরা এখনো এ পথ দিয়ে অপরিশোধিত তেল ও এলপিজি পরিবহণের জন্য তাদের জাহাজ ভাড়া দিতে রাজি হচ্ছেন না। ভারতের বৃহত্তম তেল পরিশোধনকারী প্রতিষ্ঠান ইন্ডিয়ান অয়েল জানিয়েছে, হরমুজ প্রণালি দিয়ে অপরিশোধিত তেল ও এলপিজি তথা তরল গ্যাস পরিবহণের জন্য কোনো জাহাজ-মালিকই তাদের জাহাজ ভাড়া দিতে আগ্রহী নন। প্রায় এক সপ্তাহ ধরে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল আবার শুরু হলেও, জাহাজের মালিকরা এখনও এ পথ দিয়ে অপরিশোধিত তেল ও এলপিজি পরিবহণের জন্য তাদের জাহাজ ভাড়া দিতে রাজি হচ্ছেন না। জাহাজ চলাচল বেড়েছে। তবে উপসাগরীয় পানিপথ পরিচালনাকারী কর্তৃপক্ষ সতর্ক করে বলছে, ইরান-নির্ধারিত নৌপথের বাইরে অন্য কোনো পথ ব্যবহার করলে তার পরিণতির সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট জাহাজের মালিক, পরিচালনাকারী প্রতিষ্ঠান এবং জাহাজের অধিনায়কের ওপর বর্তাবে। গত দুই দিনেও প্রণালির দক্ষিণাঞ্চলীয় রুটে চলাচলকারী দুটি জাহাজ হামলার শিকার হয়েছে। দরপত্র-সংক্রান্ত নথি অনুযায়ী, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত এবং সৌদি আরব থেকে তেলের চালান ভারতের পশ্চিম উপকূলে পৌঁছানোর কথা ছিল। তবে বাজার-সংশ্লিষ্ট অবগত সূত্রগুলো ইকোনমিক টাইমস-কে জানিয়েছে, জাহাজ-মালিকরা বর্তমানে ঝুঁকি নিতে রাজি নন এবং পরিস্থিতি আরও স্পষ্ট হওয়ার অপেক্ষায় রয়েছেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৭.০৬.২০২৬ নারগীস)

**এনএইচকে**

### ইরানের লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে মার্কিন বাহিনী

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্টে বলেন, ইরানি বাহিনী হরমুজ প্রণালিতে বেশ কয়েকটি জাহাজে হামলা চালিয়েছে। তিনি এই পদক্ষেপকে তাদের যুদ্ধবিরতি চুক্তির এক ‘নির্বোধ লঙ্ঘন’ বলে সমালোচনা করেন। মার্কিন কেন্দ্রীয় কমান্ড বা সেন্টকম-এর ভাষ্যমতে, এর জবাবে তারা বিমান হামলা চালিয়েছে। সেন্টকম শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘোষণা করে যে, তারা ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোন মজুত কেন্দ্র এবং উপকূলীয় রাডার স্থাপনাগুলোতে হামলা চালিয়েছে। বৃহস্পতিবার সিঙ্গাপুরের পতাকাবাহী একটি জাহাজে ড্রোন হামলার 'শক্তিশালী জবাব' হিসেবে তারা একে বর্ণনা করেছে এবং এও বলেছে যে, তেহরানের 'বিপজ্জনক আচরণ' নৌচলাচলের স্বাধীনতার জন্য হুমকি। ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী কাযেম ঘারিবাবাদি শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করেন যে, তেহরানের সম্মতি ছাড়া নির্ধারিত পথ থেকে বিচ্যুত হলে, প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজগুলোর নিরাপত্তা নিশ্চিত করা যাবে না। এদিকে, ইরানের রাষ্ট্র-পরিচালিত প্রেস টিভি শুক্রবার জানিয়েছে যে, উভয়পক্ষ জলপথে একটি ‘যোগাযোগ লাইন’ স্থাপন করেছে। এতে বলা হয়, পদক্ষেপটি সমঝোতা স্মারকের অংশ এবং এর উদ্দেশ্য হলো সামরিক উত্তেজনা প্রতিরোধ করা। তবে, ইরানের অন্যান্য সংবাদ মাধ্যমগুলোর ভাষ্যমতে, ইসলামিক বিপ্লবী রক্ষী বাহিনী এই দাবিকে ‘সম্পূর্ণ মিথ্যা’ বলে অভিহিত করেছে।
(এনএইচকে ওয়েব পেজ: ২৭.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ইটালিতে একই পরিবারের ৩ বাংলাদেশিকে হত্যা

ইটালির রাজধানী রোমের উপকণ্ঠে নিজ বাসায় এক বাংলাদেশি পরিবারের ৩ সদস্যকে ছুরিকাঘাতে হত্যা করেছে দুর্বৃত্তরা। শুক্রবার স্থানীয় সময় রাত আনুমানিক ৮টার দিকে রোমের পার্শ্ববর্তী ক্যাসালোত্তি এলাকার ভিয়া মন্তিলিওর একটি অ্যাপার্টমেন্টে এ ঘটনা ঘটে। এ ঘটনায় পরিবারের আরেক সদস্য গুরুতর আহত হয়েছেন। নিহতরা হলেন- কামাল উদ্দিন বাবুল, তার স্ত্রী আরজু বেগম এবং তাদের ছয় বছর বয়সি মেয়ে আরোয়া ইসলাম আরিশা। ইটালির সংবাদমাধ্যম আনসা এই তথ্য জানায়। ঘটনার কারণ অনুসন্ধানে তদন্ত শুরু হয়েছে বলে সংবাদমাদ্যমটির খবরে বলা হয়। এদিকে, নোয়াখালীর কোম্পানীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নুরুল হাকিমকে উদ্ধৃত করে দ্য ডেইলি স্টার জানায়, নিহত কামাল উদ্দিন বাবুল স্টার কোম্পানীগঞ্জ উপজেলার চরকাঁকড়া ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা সিরাজুল ইসলামের ছেলে। স্ত্রী ও সন্তান নিয়ে তিনি ইটালিতে বসবাস করছিলেন। এ ঘটনায় আহত হয়েছেন বাবুলের ২০ বছর বয়সি ছেলে আমির হোসেন অয়ন। তাকে উদ্ধার করে স্থানীয় জেমেলি পলিক্লিনিক হাসপাতালে ভর্তি করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৬.২০২৬ রনি)

### উপসাগরীয় অঞ্চলে মার্কিন স্থাপনায় পাল্টা হামলার দাবি ইরানের

উপসাগরীয় অঞ্চলে মার্কিন স্থাপনায় হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে ইরানের রেভোল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)। শুক্রবার দেশটিতে মার্কিন হামলার জবাবে পাল্টা এই হামলা চালানো হয়েছে বলে দাবি আইজিআরসির। আইএরজিসিকে উদ্ধৃত করে ইরানের তাসনিম নিউজ এবং দেশটির বার্তা সংস্থা আইআরএনএ জানায়, ইরানের নৌবাহিনী উপসাগরীয় অঞ্চলে মার্কিন বাহিনী অবস্থান করছে- এমন স্থাপনাগুলোতে হামলা চালিয়েছে। তার আগে, শুক্রবার হরমুজ প্রণালির তীরবর্তী অঞ্চলে এবং ইরানের কেশম দ্বীপে হামলা চালায় মার্কিন যুক্তরাষ্ট্র। হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের একটি বাণিজ্যিক জাহাজে আক্রমণের জবাবে ইরানে হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে মার্কিন প্রশাসন। ইরানের দাবি, শান্তিচুক্তির অংশ হিসেবে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল নিয়ন্ত্রণের অধিকার তাদের রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৬.২০২৬ রনি)

### ভেনেজুয়েলায় ভারতের মানবিক সহায়তা

ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ভেনেজুয়েলায় মানবিক সহায়তা পাঠিয়েছে ভারত। দেশটির পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর এই কথা জানান। সহায়তায় অংশ হিসেবে ভারতীয় আর্মি ফিল্ড হাসপাতালের ৪১ সদস্যের একটি দলকেও প্রেরণ করা হয়েছে। গত বুধবার ল্যাটিন আমেরিকার দেশ ভেনেজুয়েলায় জোড়া ভূমিকম্পের আঘাতে অন্তত ২৩৫ জন নিহত হয়েছেন। গৃহহীন হয়েছেন হাজার হাজার মানুষ। ‘অপারেশন আমিস্তাদ’ নামে মানবিক সহায়তার অংশ হিসেবে ভারতীয় বিমানবাহিনীর দুটি সি-১৭ এয়ারক্রাফট ত্রাণসামগ্রী, ঔষধ এবং চিকিৎসার সরঞ্জামাদি প্রেরণ করা হয় বলে ভারত সরাকারের পক্ষ থেকে জানানো হয়। স্প্যানিশ শব্দ ‘আমিস্তাদ’ মানে হলো ‘বন্ধুত্ব’। পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর বলেন, “এই কঠিন সময়ে ভেনেজুয়েলা সরকার এবং দেশটির জনগণকে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ ভারত।”
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### মা-বাবার কবর জিয়ারত করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান তার বাবা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং মা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবর জিয়ারত করেছেন। শনিবার (২৭ জুন) দুপুর ১২টা ২৫ মিনিট থেকে ১২টা ৩৫ মিনিট পর্যন্ত রাজধানীর জিয়া

উদ্যানে অবস্থান করেন প্রধানমন্ত্রী। এ সময় তিনি শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর সফরে চীন-মালয়েশিয়ার সঙ্গে সম্পর্ক আরও দৃঢ় হয়েছে : মির্জা ফখরুল

মালয়েশিয়া ও চীনে ছয়দিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রী হিসেবে এটিই তার প্রথম সরকারি বিদেশ সফর। প্রধানমন্ত্রীর সফরে বাংলাদেশের সঙ্গে চীন-মালয়েশিয়ার সম্পর্ক আরও দৃঢ় হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সফরের ওপর একটি ধন্যবাদ প্রস্তাব পেশ করেন মন্ত্রী। এই সময় তিনি এসব কথা বলেন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে দেশ দুটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও জানান মির্জা ফখরুল। মির্জা ফখরুল ইসলাম বলেন, আমি একটা ধন্যবাদ প্রস্তাব আনার জন্য দাঁড়িয়েছি। বিগত কয়েক বছর ফ্যাসিবাদী সরকার ছিল। গত চার মাস জনগণের সরকার প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের প্রধানমন্ত্রী চীন এবং মালয়েশিয়া সফর করেছেন। এই সফরটি বাংলাদেশের জন্য খুবই গুরুত্বপূর্ণ ছিল। অত্যন্ত সফলতার সঙ্গে তিনি অনেকগুলো চুক্তি করেছেন। দুই দেশের সঙ্গে পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে সম্পর্ক আরও দৃঢ় হয়েছে। দীর্ঘ সময় ফ্যাসিবাদী নেতৃত্ব দেওয়ার পরে আমাদের নেতা বৈশ্বিকভাবে সমাদৃত হয়েছে। স্থানীয় সরকার মন্ত্রী বলেন, বিদেশ সফরে আমাদের নেতা কিছু খারাপ দৃষ্টান্ত এড়িয়ে চলেছেন। আপনারা দেখবেন, আগের প্রধানমন্ত্রীকে বিদেশ সফরের আগে ও পরে বিরাট সংবর্ধনা দেওয়া হতো। অথচ আমাদের প্রধানমন্ত্রী আমাদের নির্দেশ দিয়েছেন বিদেশ সফরের আগে ও পরে কোনো ধরনের সংবর্ধনা দেওয়া যাবে না। আমাদের নিজে ফোন করে নিষেধ করে দিয়েছেন। উনার বিদেশ সফরে সাকসেস কিন্তু বিরাট। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## জিরো লাইনে ভারতীয়দের মাটি কাটার চেষ্টা, বাংলাদেশিদের বাধা

জামালপুরের বকশীগঞ্জ সীমান্তে 'পুশ-ইন' ইস্যুর উত্তেজনার মধ্যেই এবার আন্তর্জাতিক সীমান্তের শূন্যরেখা (জিরো লাইন) এলাকায় ভারতীয় নাগরিকদের মাটি কাটার চেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনার একটি ভিডিও শনিবার (২৭ জুন) সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওতে দেখা যায়, সীমান্তের ভারতীয় অংশে কয়েকজন ব্যক্তি ট্রাক্টর দিয়ে মাটি কাটছেন। স্থানীয়দের দাবি, আন্তর্জাতিক সীমান্তের ১৫০ গজের মধ্যে মাটি কাটা নিষিদ্ধ হলেও, সেই নিয়ম উপেক্ষা করে এ কাজ করা হচ্ছিল। এ সময় স্থানীয় বাংলাদেশি নাগরিকদের বাধার মুখে ভারতীয় নাগরিকরা মাটি কাটা বন্ধ করতে বাধ্য হন। ছড়িয়ে পড়া ওই ভিডিওতে দেখা যায়, জামালপুর বকশীগঞ্জ সীমান্তের শূন্যরেখার ভারতীয় অংশে বেশ কয়েকজন নাগরিক ট্রাক্টর নিয়ে এসে মাটি কেটে নিয়ে যাচ্ছেন। আন্তর্জাতিক সীমান্ত আইন অনুযায়ী, ১৫০ গজের ভেতরে যে-কোনো ধরনের খনন বা মাটি কাটা নিষিদ্ধ হলেও, তা অমান্য করে এ কাজ করা হচ্ছিল। ভিডিওতে আরও দেখা যায়, বিজিবি সদস্যরা এসে মাটি কাটতে নিষেধ করলে ভারতীয়রা সাময়িকভাবে কাজ বন্ধ রাখে। তবে বিজিবি সদস্যরা সেখান থেকে সরে যাওয়ার পরপরই ভারতীয়রা পুনরায় মাটি কাটা শুরু করে। পরে বাংলাদেশের সীমান্ত অঞ্চলের সাধারণ মানুষ সেখানে জড়ো হয়ে বাধা দেন। ভিডিওতে এক বাংলাদেশি নাগরিককে বলতে শোনা যায়, '১৫০ গজের ভেতরে মাটি কাটা নিষেধ, তার পরেও আপনারা কেন কাটছেন?' জবাবে মাটি কাটতে আসা এক ভারতীয় নাগরিককে বলতে শোনা যায়, 'আমাদের জমিতে ফসল হয় না, তাই মাটি কাটছি। আমরা বিএসএফের অনুমতি নিয়েই এখানে এসেছি।' এ সময় ঘটনাস্থলে উপস্থিত স্থানীয় বাঙালি যুবকরা প্রতিবাদ জানিয়ে বলেন, বিজিবি যেহেতু নিষেধ করেছে এবং এটি দুই দেশের সীমান্ত এলাকা, তাই বিজিবি ও বিএসএফের মধ্যে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত কোনোভাবেই মাটি কাটা যাবে না। 'বিজিবি না করছে, এটা আমাদের এরিয়া'- বলার পরে ভারতীয় ব্যক্তিরা মাটি কাটা বন্ধ রাখেন। তবে ভিডিওতে বিএসএফের কোনো সদস্যকে দেখা যায়নি। এ বিষয়ে বকশীগঞ্জ এলাকার স্থানীয় বাসিন্দা জুম্মান বলেন, 'আজকে ভারতীয়রা আমাদের বর্ডারের মাটি কাটতে আসছিল। এটা দেখে আমি আর এলাকার মানুষজন একজোট হয়ে বাধা দিই। আমাদের কড়া প্রতিবাদের মুখে তারা আর মাটি কাটতে পারেনি। আমাদের দেশের মাটি ওরা এভাবে নিয়ে যাবে, তা আমরা কোনোভাবেই মেনে নেব না।' (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## খাদ্য নিরাপত্তায় বাংলাদেশকে ১১০ কোটি ডলার সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক

বৈশ্বিক বাজারে সার ও জ্বালানির মূল্যবৃদ্ধি এবং সরবরাহ ব্যবস্থায় অস্থিরতা দেখা দিয়েছে। এমন প্রেক্ষাপটে বাংলাদেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, কৃষি উৎপাদন সচল রাখা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলায় ১ দশমিক ১ বিলিয়ন (১১০ কোটি) মার্কিন ডলারের দুটি প্রকল্প অনুমোদন করেছে বিশ্বব্যাংক। শনিবার (২৭ জুন) বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বাংলাদেশ ও ভুটানের জন্য নিযুক্ত বিশ্বব্যাংকের ডিভিশন ডিরেক্টর জঁ পেম বলেন, মধ্যপ্রাচ্যের চলমান সংকটের কারণে খাদ্য, সার ও জ্বালানির মূল্যবৃদ্ধির পাশাপাশি রাজস্ব আয় সংকুচিত হওয়ায় বাংলাদেশের অর্থনীতি চাপে পড়েছে। এর সবচেয়ে বেশি প্রভাব পড়েছে ক্ষুদ্র কৃষক এবং দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর ওপর। তিনি বলেন, এ পরিস্থিতি মোকাবিলায় বিশ্বব্যাংক তাৎক্ষণিক সহায়তা নিয়ে এগিয়ে এসেছে। অনুমোদিত প্রকল্পগুলো ধান উৎপাদনের জন্য সারের সরবরাহ নিশ্চিত করতে, সাধারণ মানুষের কর্মসংস্থান ও

জীবিকা সুরক্ষায় সহায়তা করতে এবং জরুরি সেবাগুলো সচল রাখতে ভূমিকা রাখবে। 'ইমার্জেন্সি সাপোর্ট ফর ফুড সিকিউরিটি প্রজেক্ট' বা খাদ্য নিরাপত্তার জন্য জরুরি সহায়তা প্রকল্পের আওতায় ৩০০ মিলিয়ন (৩০ কোটি) ডলারের সাময়িক অর্থায়ন করা হবে। এ অর্থ দিয়ে অক্টোবর ২০২৬ থেকে এপ্রিল ২০২৭ মেয়াদে আমন ও বোরো মৌসুমের জন্য অত্যন্ত প্রয়োজনীয় সার আমদানি করতে পারবে। বাংলাদেশ তার প্রয়োজনীয় সারের ৮৫ শতাংশেরও বেশি আমদানি করে থাকে। এ প্রকল্পের অধীনে ৬ লাখ মেট্রিক টন জরুরি সার আমদানি করা হবে, যার অর্ধেকই ইউরিয়া। এর মাধ্যমে ক্ষুদ্র কৃষকদের চাষাবাদ করা ১৪ লাখ হেক্টর ধান উৎপাদন জমি উপকৃত হবে। প্রকল্পটির টাস্ক টিম লিডার এবং বিশ্বব্যাংকের লিড ইকোনমিস্ট সুলেইমান কুলিবালি বলেন, 'বাংলাদেশের খাদ্য নিরাপত্তা মূলত আমন ও বোরো মৌসুমের ওপর নির্ভরশীল, যা দেশের মোট ধান উৎপাদনের প্রায় ৯০ শতাংশ। এছাড়া, দেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠী কৃষি খাতের সঙ্গে জড়িত। ফলে সার সরবরাহে যে-কোনো ধরনের বিঘ্ন শুধু খাদ্য নিরাপত্তাকেই হুমকির মুখে ফেলবে না, বরং দারিদ্র্য বাড়াবে এবং কর্মসংস্থান সংকুচিত করবে। কন্টিনজেন্ট ইমার্জেন্সি রেসপন্স প্রজেক্ট' বা জরুরি পরিস্থিতি মোকাবিলা প্রকল্পের আওতায় ৭১৩ মিলিয়ন (৭১.৩ কোটি) ডলার দ্রুত বিতরণ করা হবে। এ অর্থ দিয়ে ক্ষতিগ্রস্ত পরিবার এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলোকে নগদ অর্থ সহায়তা ও জীবিকা নির্বাহের অনুদান দেওয়া হবে, যা সংকটের সময়ে তাদের আয় স্থিতিশীল রাখতে এবং কর্মসংস্থান ধরে রাখতে সাহায্য করবে। এছাড়া খাদ্য, ঔষধ ও চিকিৎসা সরঞ্জাম, জ্বালানি ও পানির মতো জরুরি সেবাগুলো সচল রাখতে এটি অর্থায়ন করবে। এই প্রকল্পের অর্থ ২০২৬ সালের ৩০ জুনের মধ্যে বিতরণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## বৈশ্বিক সম্পর্ক কেমন হবে, তা নিশ্চিত হয়েছে প্রধানমন্ত্রীর সফরে : অর্থমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন ও মালয়েশিয়া সফরের বিষয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, এই ভিজিটে (সফর) প্রধানমন্ত্রী একটা মানদণ্ড স্থাপন করেছেন। শুধু দেশের রাজনীতিতে নয়, বরং আগামীতে বিশ্বের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক কেমন হবে, সেটা নিশ্চিত হয়েছে এই সফরে। মালয়েশিয়া এবং চীন সফরে প্রধানমন্ত্রীর অভূতপূর্ব সাফল্যের জন্য জাতীয় সংসদে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে। সেই প্রস্তাবের ওপর বক্তব্য দিতে গিয়ে অর্থমন্ত্রী এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## ডা. এবিএম আব্দুল্লাহ ইস্যু এড়িয়ে গেল বিএমএউ প্রশাসন

খ্যাতনামা মেডিসিন বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহর 'আজীবন প্রফেসর ইমেরিটাস' পদ বাতিলের বিষয়ে জবাব দেয়নি বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়। এমনকি সাংবাদিকদের আমন্ত্রণ জানিয়ে অনুষ্ঠানে থাকেননি উপাচার্য অধ্যাপক ডা. এফ এম সিদ্দিকী। নিকট অতীতে উপাচার্য ছাড়া এমন অনুষ্ঠান হওয়ার নজির নেই। শনিবার (২৭ জুন) বাজেট নিয়ে ১০০তম সিন্ডিকেট সভা ছিল বিশ্ববিদ্যালয়টির। এরপরে উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় প্রশাসন সংবাদ সম্মেলনে আসবেন, আমন্ত্রণপত্রে এমনটাই উল্লেখ ছিল। এমনকি সংবাদ সম্মেলনের যে আয়োজন করা হয়েছে, তার ব্যানারেও উপাচার্যের নাম ছিল। কিন্তু তিনি সেখানে উপস্থিত ছিলেন না। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা সাংবাদিকদের সভার বিষয়ে অবহিত করেন। এ সময় বাজেট নিয়ে নানা প্রশ্নোত্তর শেষে অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহর আজীবন প্রফেসর ইমেরিটাস বাতিল এবং সম্প্রতি মারা যাওয়া চিকিৎসকের বিষয়ে জানতে চাইলে তারা উত্তর দিতে অপারগতা প্রকাশ করেন। এসব জবাব প্রশাসনের কাছ থেকে জেনে নিতে বলেন। অথচ, উপাচার্য ছাড়া প্রশাসনের সবাই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন। এ সময় সাংবাদিকরা প্রশ্ন করেন, এই প্রথম বাজেট সিন্ডিকেটের পর সংবাদ সম্মেলনে উপাচার্য নেই। এর আগে এমনটি হয়নি। তিনি কি আমাদের প্রশ্ন এড়িয়ে চলতেই এই কৌশল নিয়েছেন? এর সদুত্তর দিতে পারেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। তারা বলছেন, আজকে তারা শুধুই বাজেট ইস্যুতে কথা বলবেন। বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) ট্রেজারার অধ্যাপক ডা. নাহরীন আখতার বলেন, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ অর্থ বছরের সংশোধিত এবং ২০২৬-২০২৭ অর্থ বছরের প্রস্তাবিত পরিচালন ও উন্নয়ন বাজেট অদ্য ২৭.০৬.২০২৬ ইং তারিখে অনুষ্ঠিত ১০০তম সিন্ডিকেট সভায় ২৯তম বাজেট অধিবেশনের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে ৬৩৪ কোটি ৮০ লাখ টাকা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে ১৩৬ কোটি ২৮ লাখ ৭ হাজার টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় থেকে ১৬৩ কোটি টাকাসহ সর্বমোট ১০৩৯ কোটি ৫৪ লাখ ২৬ হাজার টাকার প্রস্তাবিত বাজেটে পাস হয়। বাজেটে ১০৫ কোটি ৪৬ লাখ ১৯ হাজার টাকা ঘাটতি বাজেট পরিলক্ষিত হয়, যা পরবর্তীতে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে চাহিদার মাধ্যমে সংকলন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## বাজেটে আসছে নানা বদল, ব্যাংক হিসাব খুলতে টিআইএন জমা বাতিল হতে পারে

ব্যাংক হিসাব খুলতে বাধ্যতামূলকভাবে কর শনাক্তকরণ নম্বর (টিআইএন) জমা দেওয়ার যে বিধান নতুন অর্থবছরের বাজেটে প্রস্তাব করা হয়েছে, তা থেকে সরে আসতে পারে সরকার। পাশাপাশি শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানির লভ্যাংশ কর, তৈরি পোশাক খাতের উৎসে কর, কাঁচামাল আমদানির শুল্ক এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের কর সুবিধাসহ কয়েকটি বিষয় সংশোধনের আলোচনা চলছে। অর্থ মন্ত্রণালয় এবং জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সূত্রে এসব তথ্য জানা গেছে। সম্প্রতি সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে এনবিআরের ঊর্ধ্বতন কর্মকর্তাদের বৈঠকে এসব বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বিদেশ সফররত প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে ফেরার পর

বিষয়গুলো নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হতে পারে। অর্থমন্ত্রী গত ১১ জুন জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উপস্থাপন করেন। এতে করজাল সম্প্রসারণ এবং আর্থিক লেনদেনে স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে টিআইএন সনদ জমা দেওয়া বাধ্যতামূলক করার প্রস্তাব রাখা হয়। সরকারের যুক্তি ছিল, ব্যাংকিং ব্যবস্থার আওতায় আসা ব্যক্তিদের কর কাঠামোর মধ্যে আনা গেলে রাজস্ব আহরণের ভিত্তি আরও বিস্তৃত হবে। একইসঙ্গে কর ফাঁকি রোধ এবং অস্বাভাবিক আর্থিক লেনদেন নজরদারিতেও এটি সহায়ক হবে। তবে বাজেট ঘোষণার পরপরই এ প্রস্তাব নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। ব্যাংকিং খাতসংশ্লিষ্টরা বলছেন, দেশের বড়ো একটি জনগোষ্ঠী এখনো আনুষ্ঠানিক অর্থনীতির বাইরে রয়েছে। তাদের অনেকের আয় করযোগ্য নয়, কিন্তু বিভিন্ন প্রয়োজনেই ব্যাংক হিসাব খুলতে হয়। টিআইএন বাধ্যতামূলক করা হলে এসব মানুষকে অতিরিক্ত প্রশাসনিক জটিলতার মুখে পড়তে হবে। এ কারণে অনেকেই হয়ত ব্যাংকিং ব্যবস্থার বাইরে থাকতে আগ্রহী হবেন, যা আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যকে বাধাগ্রস্ত করতে পারে। নাম প্রকাশ না করার শর্তে এনবিআরের এক কর্মকর্তা জানান, বিভিন্ন মহল থেকে পাওয়া প্রতিক্রিয়া পর্যালোচনা করে সরকার এ বিধান পুনর্বিবেচনা করতে পারে। সাধারণ শিক্ষার্থী, সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী এবং বিশেষ গেজেটপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য ছাড় রাখা হলেও সামগ্রিকভাবে এ বিধান নিয়ে জনমনে নেতিবাচক প্রতিক্রিয়া তৈরি হয়েছে। আর এসব কারণে বিষয়টি শিথিল করা হতে পারে। বর্তমানে দেশে প্রায় ১৭ কোটি ব্যাংক হিসাব থাকলেও উল্লেখযোগ্য সংখ্যক হিসাবধারীর কোনো টিআইএন নেই। এ বিষয়ে কথা হলে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহবুবুর রহমান জাগো নিউজকে বলেন, ক্রেডিট কার্ডধারীদের জন্য টিআইএন বাধ্যতামূলক করার পর কার্ড নেওয়ার হার কমে গিয়েছিল। এখন নতুন করে ব্যাংক হিসাবধারীদের জন্য টিআইএন বাধ্যতামূলক করা হলে ব্যাংক লেনদেনও কমে যেতে পারে। অন্যদিকে কর বিশেষজ্ঞ স্নেহাশীষ বড়ুয়া জানান, ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে টিআইএনের বাধ্যবাধকতা সাধারণ মানুষের মধ্যে অযথা উদ্বেগ তৈরি করেছে। মানুষের মধ্যে যদি ধারণা তৈরি হয় যে, ব্যাংক হিসাব খুললেই অতিরিক্ত জটিলতায় পড়বেন, তাহলে তারা ব্যাংকিং ব্যবস্থার প্রতি অনাগ্রহী হয়ে উঠতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## বাজারে চালসহ সব দ্রব্যের মূল্য স্থিতিশীল : সংসদে খাদ্য প্রতিমন্ত্রী

বাজারে চালসহ সব ধরনের দ্রব্যের মূল্য স্থিতিশীল বলে জানিয়েছেন খাদ্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আবদুল বারী। শনিবার (২৭ জুন) ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট দেশের মানুষের জীবনমান উন্নয়ন এবং টেকসই উন্নয়নের ভিত্তি সুদৃঢ় করার লক্ষ্যে প্রণয়ন করা হয়েছে বলে সংসদে আলোচনায় উঠে এসেছে। জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে এ কথা বলেন খাদ্য প্রতিমন্ত্রী। তার মতে, প্রস্তাবিত বাজেট দেশের টেকসই উন্নয়ন ও জনকল্যাণ নিশ্চিত করার পথ সুগম করবে। প্রতিমন্ত্রী বলেন, আগে ব্যাংক ব্যবস্থা ধ্বংস হয়ে গিয়েছিল। এটাকে ঠিক করা হচ্ছে। জ্বালানি নিয়ে সংকটে ছিলাম। এই জন্য দীর্ঘমেয়াদি সংরক্ষণে নজর দিয়েছি। গ্রামীণ অর্থনীতি চাঙা করা হয়েছে। গ্রামীণ অর্থনীতি যত দৃঢ় হবে, ততই মূল্যস্ফীতি কমবে। বর্তমানে দ্রব্যমূল্য স্থিতিশীল। হঠাৎ করে বলা হলো চালের দাম বেড়ে গেছে। আমরা বাজারে দেখলাম, চালের দাম স্থিতিশীল। তিনি আরও বলেন, দেশে আঙ্গুর, স্ট্রবেরি, অ্যাভোকাডো চাষ হচ্ছে। মানুষকে কাজ করার সুযোগ দিলে দেশ আরও উন্নত হবে। সুশাসন প্রসঙ্গে জনপ্রশাসন প্রতিমন্ত্রী বারী বলেন, কথা আসছে সুশাসন নিয়ে। সব নিয়োগ পদায়নে সততা দক্ষতা মেধার ওপরে গুরুত্ব দেওয়া হচ্ছে। মেধাবী, সৎ, দক্ষ প্রশাসন ছাড়া এই বাজেট বাস্তবায়ন সম্ভব নয়। ১৭ বছর প্রশাসন ব্যবস্থা ধ্বংস হয়ে গেছে। এটা থেকে উত্তরণে আমরা কাজ করছি। বাজেটের একটা টাকাও যেন অপচয় না হয়, সেই বিষয়ে দেখা হচ্ছে। বাজেটের টাকা সঠিকভাবে ব্যবহার হলে কর্মসংস্থান ও দেশে আয় বাড়বে। এর ফলে আমরা উন্নত দেশের দিকে এগিয়ে যেতে পারবো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## মেহেরপুরে বোমা সদৃশ বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনীতে মিজানুর রহমান নামের এক কৃষকের বাড়ি থেকে একটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করেছে পুলিশ। আজ শনিবার (২৭ জুন) সকালে বাড়ির ধানের গোলার পাশ থেকে লাল টেপে মোড়ানো বস্তুটি উদ্ধার করে গাংনী পুলিশ। মিজানুর রহমান উপজেলার ধানখোলা ইউনিয়নের মহিষাখোলা গ্রামের নজের আলীর ছেলে। বাড়ির মালিক মিজানুর রহমান জানান, সকালে ঘুম থেকে উঠে বাড়ির উঠানে রাখা ধানের গোলার পাশে লাল স্কচটেপ দিয়ে মোড়ানো বোমা আকৃতির বস্তুটি দেখতে পায়। বিষয়টি সন্দেহজনক হওয়ায় থানায় ফোন দিয়ে জানান। পরে গাংনী থানা পুলিশের একটি টিম বোমাটি উদ্ধার করে নিয়ে যায়। তবে কে বা কারা, কী কারণে তার বাড়িতে বোমা রেখেছে, এ বিষয়ে কোনো ধারণা নেই বলে জানান তিনি। গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) আল মামুন বলেন, 'খবর পেয়ে পুলিশ পাঠিয়ে ঘটনাস্থল থেকে বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়েছে। কেউ হয়ত ভয়-ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে বস্তুটি সেখানে রেখে গেছে। এ ঘটনায় জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনতে তদন্ত চলছে।'
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## প্রাথমিকের ১৪ হাজার নতুন শিক্ষকের যোগদান-পদায়নে সুখবর

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থী চূড়ান্ত সুপারিশ পেয়েও পাঁচমাস ধরে ঝুলে আছেন। অন্তর্বর্তী সরকারের আমলে তড়িঘড়ি নিয়োগ পরীক্ষা নেওয়া এবং অনিয়মের অভিযোগ ওঠায় নতুন

সরকার বিষয়টি নিয়ে কয়েক ধাপে যাচাই করেছে। অবশেষে তাদের যোগদান ও পদায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এ নিয়ে আগামীকাল রোববার (২৮ জুন) সভা ডেকেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সেখানে নতুন এ সহকারী শিক্ষকদের বদলি ও পদায়নের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেন। গত ২৪ জুন এক চিঠির মাধ্যমে এ সভা ডাকা হয়। এতে বলা হয়েছে, সারা দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের পদায়ন, কর্মরত সব শিক্ষকের বদলি-সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও পর্যালোচনা করে নিষ্পত্তিকরণের লক্ষ্যে গঠিত জাতীয় কমিটির সভা আগামী ২৮ জুন বিকেল ৩টায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেনের সভাপতিত্বে তার অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সংশ্লিষ্ট সবাইকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## শিক্ষার্থীশূন্য ৬২১ ভোকেশনাল বন্ধের উদ্যোগ কারিগরি বোর্ডের

দীর্ঘদিন ধরে দেশের ৬২১টি এসএসসি ও দাখিল পর্যায়ের কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে (ভোকেশনাল) শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে না। এতে প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীশূন্য হয়ে পড়ছে। অথচ মাস গেলেই শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করছে সরকার। শিক্ষা কার্যক্রম না থাকা এসব প্রতিষ্ঠান বন্ধের পথে হাঁটছে সরকার। কারিগরি শিক্ষা বোর্ড সূত্র বলছে, নিয়ম অনুযায়ী, এসব প্রতিষ্ঠানকে প্রথম কারণ দর্শানোর নোটিশ (শোকজ) করা হয়েছে। এরপর ভর্তি বন্ধ রাখা হবে। সবশেষ নিয়ম মেনে পাঠদান বাতিল ও প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হবে। এদিকে, গত ২৫ জুন কারিগরি শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে এ নোটিশ পাঠিয়েছে। তাতে আগামী ২২ জুলাইয়ের মধ্যে এ নোটিশের ব্যাখ্যা পাঠাতে বলা হয়েছে। নোটিশে বলা হয়েছে, কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের যে-সব প্রতিষ্ঠানে দীর্ঘদিন শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে না, সেসব প্রতিষ্ঠানকে আগামী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ থেকে ভর্তি কার্যক্রম স্থগিতসহ প্রতিষ্ঠানের পাঠদান অনুমোদন কেন বাতিল/প্রত্যাহার করা হবে না, তার ব্যাখ্যা আগামী ২২ জুলাইয়ের মধ্যে দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে শটগানসহ গ্রেফতার ২

চট্টগ্রাম নগরের বায়েজিদ বোস্তামী থানাধীন কামরাবাদ এলাকায় অভিযান চালিয়ে একটি দেশীয় তৈরি শটগান ও পাঁচ রাউন্ড কার্তুজসহ দুই যুবককে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (২৭ জুন) সকালে নগরের দামপাড়া পুলিশ লাইনস মিডিয়া সেন্টারে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) উত্তর বিভাগের উপ-কমিশনার মো. হাসান মোস্তফা স্বপন। শুক্রবার (২৬ জুন) রাত সাড়ে ৮টার দিকে নগরের আতুরার ডিপো এলাকায় চেকপোস্টে তল্লাশির সময় পালানোর চেষ্টা করলে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতাররা হলেন- নগরের পূর্ব শহীদনগর এলাকার মো. তৌহিদুল ইসলাম সামির (২২) এবং আতুরার ডিপো এলাকার মো. আলমগীর হোসেন সজীব (২০)। উপ-কমিশনার মো. হাসান মোস্তফা স্বপন জানান, আতুরার ডিপো এলাকায় সৈয়দ কোম্পানির ভবনের নিচে মেসার্স রাইসা স্টোরের সামনে পুলিশ চেকপোস্ট বসিয়ে যানবাহনে তল্লাশি চালাচ্ছিল। এ সময় দুই যুবক পালানোর চেষ্টা করলে তাদের আটক করা হয়। পরে তাদের দেহ ও হেফাজতে তল্লাশি চালিয়ে একটি লোহার তৈরি দেশীয় শটগান এবং পাঁচ রাউন্ড কার্তুজ উদ্ধার করা হয়। এ ঘটনায় গ্রেফতার দুই আসামির বিরুদ্ধে বায়েজিদ বোস্তামী থানায় অস্ত্র আইনে মামলা দায়ের করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে পুলিশের অভিযানে গ্রেফতার ১৬

রাজধানীর যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (২৭ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গত ২৪ ঘণ্টায় যাত্রাবাড়ী থানা পুলিশ অত্র থানাধীন বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ১৬ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারদের মধ্যে রয়েছে নিয়মিত ও পরোয়ানাভুক্ত মামলার আসামি ও বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত ব্যক্তি। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## রাজধানীতে জামায়াতের ৪ দিনব্যাপী মাদকবিরোধী ক্যাম্পেইন শুরু

বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগর উত্তর শাখার উদ্যোগে রাজধানীতে চার দিনব্যাপী মাদকবিরোধী ক্যাম্পেইন শুরু হয়েছে। আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস উপলক্ষ্যে এই ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে। শনিবার (২৭ জুন) সকাল সাড়ে ১০টায় রাজধানীর মিরপুর শাহ আলী মাজার এলাকায় চার দিনব্যাপী মাদকবিরোধী গণসচেতনতামূলক কর্মসূচির প্রথম দিনের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে মাদকাসক্তদের ঘৃণা না করে সরকারিভাবে পুনর্বাসনের ব্যবস্থা করার আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য, ঢাকা মহানগর

উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন। তিনি বলেন, মাদক নির্মূলকে সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে এবং সীমান্তে কঠোর নজরদারির মাধ্যমে মাদক চোরাচালান বন্ধ করতে হবে। সেলিম উদ্দিন বলেন, মাদক তরুণ সমাজকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। একটি ধর্মপ্রাণ দেশের সমাজব্যবস্থায় কোনো ধরনের নেশাকে প্রশ্রয় দেওয়া যায় না। তিনি বলেন, তরুণদের নৈতিক শিক্ষার অভাব এবং অপসংস্কৃতির বিস্তারের কারণে অপরাধ বাড়ছে। কুরআনের ধর্মীয় শিক্ষাকে বাধ্যতামূলক করা হলে মাদক ও বিভিন্ন অপরাধ উল্লেখযোগ্যভাবে কমে আসবে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, বর্তমান শিক্ষাব্যবস্থায় অনেক অপ্রয়োজনীয় বিষয়ের ওপর গুরুত্ব দেওয়া হলেও নৈতিক শিক্ষাকে যথাযথ গুরুত্ব দেওয়া হচ্ছে না। পরিবার থেকেই সন্তানদের নৈতিক শিক্ষা নিশ্চিত করার আহ্বান জানান তিনি। সেলিম উদ্দিন আরও বলেন, সিগারেটই মাদকের প্রবেশদ্বার। নিকোটিনের কারণে ক্যানসারসহ নানা জটিল রোগের সৃষ্টি হয়। তাই ধূমপান রোধে কার্যকর উদ্যোগ নিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## তুরাগে ছাত্রলীগের ৭ নেতা-কর্মীর মরদেহ ভাসার খবর গুজব : পুলিশ

'তুরাগ নদীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও ছাত্রলীগের ৭ নেতা-কর্মীর মরদেহ ভাসছে' শিরোনামে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত তথ্যকে সম্পূর্ণ ভিত্তিহীন ও মিথ্যা বলে জানিয়েছে পুলিশ সদর দপ্তর। শনিবার (২৭ জুন) এক বিবৃতিতে পুলিশ সদর দপ্তর জানায়, এ ধরনের কোনো ঘটনার তথ্য বা অভিযোগ আইনশৃঙ্খলা বাহিনীর কাছে আসেনি। জনমনে বিভ্রান্তি সৃষ্টি এবং গুজব ছড়ানোর উদ্দেশ্যে একটি মহল সামাজিক যোগাযোগমাধ্যমে এ ধরনের অপপ্রচার চালাচ্ছে। বিবৃতিতে আরও বলা হয়, মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য প্রচারের মাধ্যমে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মনোবল ক্ষুণ্ণ করার অপচেষ্টা চলছে। এ ধরনের গুজবে বিভ্রান্ত না হওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানায় পুলিশ। পুলিশ জানিয়েছে, যারা সামাজিক যোগাযোগমাধ্যমে এ ধরনের অপপ্রচার চালাচ্ছে বা গুজব ছড়াচ্ছে, তাদের শনাক্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট ইউনিটগুলো তৎপর রয়েছে। এ ধরনের অপপ্রচারে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইনে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও বিবৃতি উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## বিশেষ চাহিদা সম্পন্ন সব শিশুর জন্য বিশেষ প্রকল্প নিচ্ছে সরকার

দেশের গ্রাম ও শহরের সব বিশেষ চাহিদা সম্পন্ন শিশুকে সরকারি স্বাস্থ্যসেবার আওতায় আনতে একটি বিশেষ ও সমন্বিত প্রকল্প চূড়ান্ত করেছে সরকার। উপজেলা পর্যায় পর্যন্ত এই বিশেষ শিশুদের স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে স্বাস্থ্য অধিদপ্তর এই বড়ো প্রকল্প প্রস্তুত ও প্রণয়ন করেছে। আগামী ৩০ জুনে পাস হতে যাওয়া নতুন জাতীয় বাজেটে প্রতিবন্ধী জনগোষ্ঠী এবং প্রতিবন্ধিতা নিরূপণ ও হ্রাসের জন্য সুনির্দিষ্ট ও বিশেষ অর্থনৈতিক বরাদ্দ রাখা হয়েছে। শনিবার (২৭ জুন) সকালে রাজধানীর কড়াইল বস্তিতে 'সিএসএফ সেন্টার'-এর সেবা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত এসব তথ্য জানান।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## স্বরাষ্ট্রমন্ত্রীর বাড়ির আশপাশ দিয়ে আসে মাদকের বড়ো চালান : সংসদে গয়েশ্বর

জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকে উদ্দেশ্য করে মাদক পাচার নিয়ে তীব্র সমালোচনা করেছেন ঢাকা-৩ আসনের সংসদ সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি দাবি করেন, দেশের সবচেয়ে বড়ো মাদকের চালান কক্সবাজারের টেকনাফ সীমান্ত দিয়ে আসে, অথচ এখনো তা কার্যকরভাবে বন্ধ করা যায়নি। তিনি বলেন, আমাদের দেশে মাদকের বড়ো চালান আসে স্বরাষ্ট্রমন্ত্রীর বাড়ির আশপাশ দিয়ে, সেটা হলো কক্সবাজারের টেকনাফ। আগে শুনতাম, বদি এখন তো বদি নেই। বদি বদ হয়ে গেছে এখন ওখানকার দায়িত্ব কে নিয়েছে? শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের উদ্দেশ্যে এসব কথা বলেন বিএনপির এ সিনিয়র নেতা। স্বরাষ্ট্রমন্ত্রীকে উদ্দেশ্য করে গয়েশ্বর চন্দ্র রায় বলেন, মাদক চোরাকারবারীরা বাড়ির আশপাশের লোক, স্বরাষ্ট্রমন্ত্রীর তো চেনার কথা। এতদিনে ওইদিক থেকে মাদক আসা বন্ধ হওয়া উচিত ছিল। আইন দিয়ে কোনো কিছু হয় না। আইন কার্যকরী করার জন্য সাহস লাগে, ইচ্ছাও লাগে। গয়েশ্বর চন্দ্র রায় বলেন, বর্তমানে দেশের অন্যতম বড়ো চ্যালেঞ্জ মাদক। আমার নির্বাচনি এলাকা ঢাকা-৩ আসনে একটি ১০ শয্যাবিশিষ্ট হাসপাতাল থাকলেও, সেটি কার্যত অচল। তিনি বলেন, হাসপাতালটির উদ্বোধন করেছিলেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোশারফ হোসেন। তবে বর্তমানে সেখানে রোগী নেই, চিকিৎসকও নেই। ১৫ লাখের বেশি মানুষের একটি নির্বাচনি এলাকায় মাত্র ১০ শয্যার এমন অকার্যকর হাসপাতাল থাকা কোনোভাবেই গর্বের বিষয় হতে পারে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-চীন সম্পর্ক সর্বোচ্চ উচ্চতায় পৌঁছেছে : পররাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের মধ্যদিয়ে বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তিনি বলেন, এ সফরে দুই দেশ 'অভিন্ন ভবিষ্যতের বাংলাদেশ-চীন সম্প্রদায়' গঠনে সম্মত হয়েছে। শনিবার (২৭ জুন) বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফর নিয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এ কথা বলেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, এবারের সফরের মাধ্যমে বাংলাদেশ-চীন সম্পর্ক আগের যে-কোনো সময়ের তুলনায় আরও ঘনিষ্ঠ ও সর্বোচ্চ বন্ধুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছেছে। মালয়েশিয়া ও চীনে

প্রধানমন্ত্রীর অবস্থানকালীন বিভিন্ন ছবি ও ভিডিওতে বাংলাদেশের গুরুত্ব প্রতিফলিত হয়েছে, যা কুয়ালালামপুর ও বেইজিংয়ের সঙ্গে ঢাকার সম্পর্ককে আরও জোরদার করেছে। সংবাদ ব্রিফিংয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম, হুমায়ুন কবির, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। হুমায়ুন কবির বলেন, রাজনৈতিক পর্যায়ে সহযোগিতা জোরদারে দুইপক্ষ দলীয় পর্যায়ে একটি সমঝোতা স্মারকে (এমওইউ) সই করেছে, যা আনুষ্ঠানিক অংশীদারত্ব গড়ে তুলতে সহায়ক হবে। তিনি বলেন, বাংলাদেশ ও চীন সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা, পানিসম্পদ পরিকল্পনা, জলবিদ্যাগত পূর্বাভাস, বন্যা প্রতিরোধ ও দুর্যোগ ঝুঁকি হ্রাস, নদী খনন এবং সংশ্লিষ্ট প্রযুক্তি বিনিময়সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও গভীর করতে সম্মত হয়েছে। মালয়েশিয়া ও চীন সফর শেষে শুক্রবার (২৬ জুন) রাতে দেশে ফেরেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এর মধ্যদিয়ে দুই দেশে তার ছয়দিনের প্রথম রাষ্ট্রীয় সফর শেষ হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## এইচএসসি পরীক্ষার প্রতিটি কক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপনের নির্দেশ

আসন্ন এইচএসসি পরীক্ষাকে কেন্দ্র করে পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপনের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। শনিবার (২৭ জুন) দুপুর ২টায় রাজশাহী কেন্দ্রীয় কারাগারে অবস্থিত মিলনায়তনে এক সভায় তিনি এ নির্দেশ দেন। আসন্ন উচ্চমাধ্যমিক পরীক্ষাকে কেন্দ্র করে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন পরীক্ষা কেন্দ্রের সচিবদের সঙ্গে মতবিনিময় করেন শিক্ষামন্ত্রী। সভায় ভার্চুয়ালি যুক্ত ছিলেন তিনি। এ সময় তিনি আগামী ২ জুলাই থেকে শুরু হতে যাওয়া উচ্চমাধ্যমিক পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করার জন্য কেন্দ্রের সচিবদের প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেন। একইসঙ্গে পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপনের নির্দেশ দেন। সভায় উপস্থিত ছিলেন রাজশাহী জেলা প্রশাসক কাজি শহিদুল ইসলাম, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শামীম আরা চৌধুরীসহ পরীক্ষা কেন্দ্রের সচিবরা। রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শামীম আরা চৌধুরী জানান, এবার রাজশাহী বোর্ডের অধীনে ৮টি জেলায় মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২০৮টি। পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৪০ হাজার ৮৩০ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## সবকিছুতেই বিরোধিতা, এই কালচার সমর্থন করি না : সংসদে বিরোধীদলীয় নেতা

সবকিছুতেই বিরোধিতা, এই কালচার সমর্থন করেন না বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক বিদেশ সফরের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। সবকিছুতেই বিরোধিতা, এই কালচার সমর্থন করেন না বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক বিদেশ সফরের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। পররাষ্ট্রনীতি প্রসঙ্গে তিনি বলেন, আমাদের সম্পর্ক হবে পারস্পরিক সম্মান ও সমতার ভিত্তিতে। বাংলাদেশের স্বাধীন ফরেন পলিসিতে (পররাষ্ট্রনীতি) কেউ হস্তক্ষেপ করুক, এটা আমরা কখনো মেনে নেবো না। সবার আগে দেশের স্বার্থ। কোনো চুক্তিই হোক বা যাই হোক, তা হবে পারস্পরিক স্বার্থের ভিত্তিতে। স্বচ্ছতা ও জবাবদিহির স্বার্থে বিদেশের সঙ্গে সম্পাদিত সব মৌলিক চুক্তি সংসদে নিয়ে আসার দাবি জানিয়ে তিনি বলেন, সংসদকে বাইপাস (পাশ কাটিয়ে) করে যেন কিছুই না হয়, সবকিছু হোক সংসদের ভেতরে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ৬ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৬ শিশু মারা গেছে। তবে এ সময়ে নিশ্চিত হামে কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি। শনিবার (২৭ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে ছয়জন শিশু মারা গেছে। তবে এ সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মারা গেছে ৬১৫ শিশু। একই সময়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে ৯৩ শিশুর প্রাণ গেছে। অর্থাৎ, হাম ও হামের উপসর্গ নিয়ে এ পর্যন্ত মোট ৭০৮ শিশুর মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৪৫ শিশু। এ সময়ে হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৭৪৪। সব মিলিয়ে এ সময়ে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ৭৮৯ জন। তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৮ হাজার ২৬৬, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ৫৯৪ জন। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৮১ হাজার ৯৫৫ রোগী, যাদের মধ্যে ৭৮ হাজার ২৮৭ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## আসামির দায়ের কোপে রক্তাক্ত দুই পুলিশ কর্মকর্তা

লালমনিরহাটের হাতীবান্ধায় গ্রেফতারি পরোয়ানাভুক্ত এক আসামিকে ধরতে গিয়ে হামলার শিকার হয়েছেন পুলিশের দুই কর্মকর্তা। আসামির এলোপাতাড়ি দায়ের কোপে গুরুতর আহত হয়েছেন তারা। শুক্রবার (২৬ জুন) রাতে উপজেলার টংভাঙ্গা ইউনিয়নের গেন্দুকুড়ি এলাকায় এ ঘটনা ঘটে। আহত পুলিশ কর্মকর্তারা হলেন- হাতীবান্ধা থানার উপ-পরিদর্শক (এসআই) রুহুল আমিন এবং সহকারী উপ-পরিদর্শক (এএসআই) আব্দুল লতিফ। অপরদিকে

হামলাকারীর নাম রাশেদুল ইসলাম ওরফে রাশেদ। তিনি চুরিসহ একাধিক মামলার ওয়ারেন্টভুক্ত আসামি। রাশেদ উপজেলার গেন্দুকুড়ি গ্রামের বেলাল হোসেনের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে ওই পরোয়ানাভুক্ত আসামিকে গ্রেফতার করতে তার বাড়িতে অভিযান চালান এসআই রুহুল আমিন ও এএসআই আব্দুল লতিফ। এ সময় গ্রেফতার এড়াতে আসামি রাশেদ দা দিয়ে দুই পুলিশ কর্মকর্তাকে লক্ষ্য করে অতর্কিত হামলা চালায়। এ সময় সে দা দিয়ে এলোপাতাড়ি কোপাতে থাকলে এসআই রুহুল আমিনের হাতের কবজিসহ শরীরের একাধিক স্থানে জখম হয়। তাকে বাঁচাতে গিয়ে এএসআই আব্দুল লতিফও আঘাত পান। হামলার পরপরই আসামি রাশেদ ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। হামলার খবর পেয়ে হাতীবান্ধা থানা থেকে অতিরিক্ত পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহত দুই কর্মকর্তাকে উদ্ধার করে। প্রাথমিক অবস্থায় তাদের হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে এসআই রুহুল আমিনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য রাতেই তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। তবে তার জরুরি অস্ত্রোপচারের প্রয়োজন হওয়ায় শনিবার সকালে তাকে রংপুরের কমিউনিটি মেডিকেল কলেজ হাসপাতালে (ডক্টরস ক্লিনিক) ভর্তি করা হয়েছে। এ বিষয়ে লালমনিরহাট পুলিশ সুপার আসাদুজ্জামান বলেন, ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেফতার করতে গিয়ে আসামির হামলায় আমাদের দু-জন অফিসার আহত হয়েছেন। উন্নত চিকিৎসা ও অস্ত্রোপচারের জন্য রুহুলকে রংপুর ডক্টরস ক্লিনিকে নেওয়া হয়েছে। আমরা সার্বক্ষণিক তাদের চিকিৎসার খোঁজ-খবর রাখছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## স্বরাষ্ট্রমন্ত্রীকে 'হালজামানার মুফতি' বললেন জামায়াত এমপি

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের একটি বক্তব্যের কড়া সমালোচনা করেছেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য শাহজাহান চৌধুরী। এ সময় তিনি স্বরাষ্ট্রমন্ত্রীকে 'হাল জামানার মুফতি' বলে কটাক্ষ করেন এবং তার বক্তব্য নিয়ে প্রশ্ন তোলেন। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে বাগ্‌যুদ্ধে জড়িয়েছেন সরকারি ও বিরোধীদলীয় দলের সংসদ সদস্যরা। স্বরাষ্ট্রমন্ত্রীকে উদ্দেশ্য করে জামায়াতে ইসলামীর সংসদ সদস্য শাহজাহান চৌধুরী বলেন, "আজ চট্টগ্রামে একটা কথা এসেছে ফতোয়ার জন্য আর মাদরাসায় যেতে হবে না। পার্লামেন্ট থেকেই ফতোয়া দেওয়া হচ্ছে। কেউ কেউ বলছেন, স্বরাষ্ট্রমন্ত্রীই এখন হালজামানার মুফতি। অথচ তিনি আলিফ-বা-তা জানেন না। জামায়াতে ইসলামের বিষয়ে ফতোয়া দেওয়ার প্রয়োজন নেই। দলটিকে জানতে হলে এর ১০০ বছরের ইতিহাস জানতে হবে।" তিনি বলেন, ফতোয়ার জন্য আমরা আর হাটহাজারী, পটিয়া বা লালবাগে যাবো না, বরং এই মহান পার্লামেন্টেই যার কাছ থেকে ফতোয়া পাওয়া যাচ্ছে, তার কাছ থেকেই নেবেন। শাহজাহান চৌধুরীর এ বক্তব্যের পরপরই বাজেট আলোচনায় অংশ নেন নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক। তিনি জামায়াত নেতার বক্তব্যের তীব্র সমালোচনা করে বলেন, নিজেদের কথা নিজেরাই বিচার করা উচিত। তিনি ১৯৭১ সালে জামায়াতের ভূমিকা এবং মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানের দিকে তাকানোর আহ্বান জানান। স্বাধীনতার ঠিক একদিন আগে কারা বাংলাদেশকে বুদ্ধিজীবীশূন্য করার জন্য হত্যাকাণ্ড সংগঠিত করেছিল, তা মনে করিয়ে দিয়ে তিনি বলেন, জুলাই বিপ্লবের শহিদদের আমরা অবশ্যই স্মরণ করব, কিন্তু ১৯৭১ সালকে কোনোভাবেই ভুলে যাওয়া যাবে না। পাশাপাশি তিনি মুক্তিযোদ্ধাদের ভাতা বাড়ানোর দাবিও জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## শেখ হাসিনার পথে হাঁটলে বিএনপি-তারেক জিয়ারও একই পরিণতি হবে : মাওলানা মামুনুল হক

ফ্যাসিবাদী শেখ হাসিনার পথ অনুসরণ করলে বিএনপি এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ারও ভিন্ন পরিণতি হবে না বলে মন্তব্য করেছেন বাংলাদেশ খেলাফত মজলিশের আমির মাওলানা মামুনুল হক। রোববার (২৭ জুন) বিকেলে ময়মনসিংহ নগরের রেলওয়ে কৃষ্ণচূড়া চত্বরে গণভোটের রায় বাস্তবায়ন ও জনদুর্ভোগ লাঘবের দাবিতে ১১ দলীয় ঐক্যের ব্যানারে আয়োজিত বিভাগীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মামুনুল হক বলেন, গণভোটে ৭০ শতাংশ মানুষের মতামতের প্রতিফলন ঘটেছে। সরকার যদি তা বাস্তবায়নে ব্যর্থ হয়, তবে এর political (রাজনৈতিক) পরিণতি ভোগ করতে হবে। তিনি ১৯৭০ সালের নির্বাচন এবং শেখ হাসিনা সরকারের সময় ভোটাধিকার হরণের অভিযোগের প্রসঙ্গ টেনে বলেন, জনগণের ভোটাধিকার নিয়ে ছিনিমিনি খেললে বিএনপি ও তারেক জিয়ারও শেখ হাসিনার মতো পরিণতি হবে। তিনি আরও বলেন, 'ফ্যামিলি কার্ড' ও 'কৃষক কার্ড' দিয়ে জনগণের সম্মান ও মর্যাদা কেনা যাবে না। শেখ হাসিনা যেমন উন্নয়ন প্রকল্প দেখিয়ে মানুষের অধিকারকে উপেক্ষা করেছিলেন, তেমনি বর্তমান সরকারও যদি গণভোটের রায় অস্বীকার করে, তাহলে জনগণ তা মেনে নেবে না। বিএনপির উদ্দেশ্যে মামুনুল হক বলেন, ৩২টি রাজনৈতিক দলকে বাইরে রেখে অন্তবর্তী সরকারের কিছু ব্যক্তির সঙ্গে সমঝোতা করে ক্ষমতাসীনরা নিজেদের এজেন্ডা বাস্তবায়নের চেষ্টা করছে। এই 'চোরাই পথ' অনুসরণ করে জনগণের সংস্কার-আকাঙ্ক্ষাকে উপেক্ষা করলে সেটি বিএনপির জন্য আত্মঘাতী সিদ্ধান্ত হবে বলেও মন্তব্য করেন তিনি। সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, গণভোটের গণরায় বাস্তবায়নই তাদের প্রধান দাবি। একইসঙ্গে দেশে চলমান জনদুর্ভোগ দূর করার আহ্বান জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## রাঙামাটি থেকে ঢাকায় ইয়াবা আনতে গিয়ে ধরা ৪ জন

রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় অভিযান চালিয়ে ৮ হাজার ইয়াবাসহ চার ব্যক্তিকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। গ্রেফতাররা হলেন- কেরামা চাকমা (৩৮), লাউমং চাকমা (৪৪), লেড়াইয়া চাকমা (২৪) ও চামিয়া চাকমা (২৯)। শনিবার (২৭ জুন) ভোরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়ের একটি দল মেয়র হানিফ ফ্লাইওভারের টোল প্লাজা এলাকায় চেকপোস্ট বসিয়ে এ অভিযান পরিচালনা করে। ডিএনসির ঢাকা মেট্রো কার্যালয়ের (উত্তর) উপ-পরিচালক শামীম আহম্মেদ এ তথ্য জানান। তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে জানা গেছে, রাঙামাটি থেকে ঢাকাগামী একটি যাত্রীবাহী বাসে বিপুল পরিমাণ ইয়াবা আনা হচ্ছে। পরে যাত্রাবাড়ী থানার অধীন মেয়র হানিফ ফ্লাইওভারের টোল প্লাজায় চেকপোস্ট বসিয়ে যানবাহন তল্লাশি শুরু করা হয়। শনিবার ভোর সাড়ে ৪টার দিকে রাঙামাটি থেকে ছেড়ে আসা সৌদিয়া সিল্কি পরিবহণের একটি বাসে তল্লাশি চালিয়ে চার যাত্রীর কাছ থেকে মোট ৮ হাজার ইয়াবা উদ্ধার করা হয়। এসময় তাদের গ্রেফতার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতাররা পরস্পরের আত্মীয় বলে জানা গেছে। তারা দীর্ঘদিন ধরে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ইয়াবা কারবারের সঙ্গে জড়িত বলে প্রাথমিকভাবে স্বীকার করেছেন বলে জানিয়েছে ডিএনসি। এ ঘটনায় পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন বাদী হয়ে যাত্রাবাড়ী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## মিয়ানমারে পাচারকালে ১৪৫০ বস্তা সিমেন্টসহ দুই বোট জব্দ, আটক ২১

বঙ্গোপসাগরে অভিযান চালিয়ে মিয়ানমারে পাচারকালে ১৪৫০ বস্তা সিমেন্ট বোঝাই দুটি ফিশিংবোট জব্দ করেছে বাংলাদেশ নৌবাহিনী। এসময় ২১ জনকে আটক করা হয়। শনিবার (২৭ জুন) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে আইএসপিআর জানায়, গোপন সংবাদের ভিত্তিতে বঙ্গোপসাগরে টহলরত বাংলাদেশ নৌবাহিনীর একটি জাহাজ শুক্রবার ভোরে সেন্টমার্টিন থেকে প্রায় ১৩ মাইল দূরে পৃথক দুটি অভিযান পরিচালনা করে। অভিযানে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে সিমেন্ট বহনকারী 'এফবি ফাতেমা হোসনা' ও 'এফবি নিঝু রাব্বি' নামের দুটি ইঞ্জিনচালিত কাঠের ফিশিং বোট জব্দ করা হয়। তল্লাশিকালে 'এফবি ফাতেমা হোসনা' বোট থেকে ১০ জনসহ ৬৫০ বস্তা সিমেন্ট এবং 'এফবি নিঝু রাব্বি' বোট থেকে ১১ জনসহ ৮০০ বস্তা সিমেন্ট উদ্ধার করা হয়। অভিযানে মোট ২১ জনকে আটক এবং ১ হাজার ৪৫০ বস্তা সিমেন্ট জব্দ করা হয়। আটক ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান। আইএসপিআর আরও জানায়, দেশের সমুদ্রসীমায় চোরাচালান, মাদক পাচার ও অন্যান্য অবৈধ কার্যক্রম প্রতিরোধে নৌবাহিনীর নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে এবং ভবিষ্যতেও এ ধরনের অভিযান চলবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## সামরিক খাতে এক লাখ কোটি টাকা বাজেটের দাবি সরকারদলীয় এমপির

বাংলাদেশের সামরিক খাতে এক লাখ কোটি টাকা বাজেট বরাদ্দের দাবি জানিয়েছেন বিএনপি থেকে নির্বাচিত সংসদ সদস্য (এমপি) বরকতউল্লাহ বুলু। একইসঙ্গে তিনি গাজীপুর এবং সাভারের জন্য একটি অত্যাধুনিক নারী শ্রমিক হাসপাতাল করার দাবি জানান। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদ অধিবেশনে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এসব দাবি জানান। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। স্পিকারের উদ্দেশ্যে বরকতউল্লাহ বুলু বলেন, আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে দাবি রাখতে চাই, আজকে ইরান পৃথিবীতে একটি মডেল হয়েছে, উত্তর কোরিয়া মডেল হয়েছে। কী কারণে? তারা যদি সামরিক খাতে এই উন্নতি না করতে পারতো, তাহলে আজকে ইরানের মানচিত্র থাকতো না। আমিও আজকে এই হাউজে আপনার মাধ্যমে সবার কাছে, ৩০০ সংসদ সদস্য সবার কাছে আবেদন রাখবো, বাংলাদেশের সামরিক খাতে ৪২ হাজার কোটি টাকা নয়, এক লক্ষ কোটি টাকা বাজেট করা উচিত। বাংলাদেশ কারও বিরুদ্ধে যুদ্ধ করবে না, কিন্তু আত্মরক্ষার জন্য আমাদের প্রস্তুতি থাকা প্রয়োজন। এই খাতে ইরান যদি এই প্রস্তুতিটা না রাখতো, তাহলে মানচিত্র থেকে ইরান মুছে যেত। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## ট্রাফিক আইন লঙ্ঘনে ডিএমপির ৩৯১৮ মামলা

রাজধানী ঢাকার বিভিন্ন এলাকায় ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ৩ হাজার ৯১৮টি মামলা করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ। গত বৃহস্পতিবার ও শুক্রবার রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে এসব মামলা করা হয়। ডিএমপির এক বিজ্ঞপ্তিতে আজ এ তথ্য জানানো হয়। ডিএমপি সূত্রে জানা যায়, ট্রাফিক-রমনা বিভাগে ১৯টি বাস, ২টি ট্রাক, ৫টি কাভার্ডভ্যান, ৪৩টি সিএনজি ও ৭৭টি মোটরসাইকেলসহ মোট ১৯৮টি মামলা হয়েছে। লালবাগ বিভাগে ২০টি বাস, ১৯টি ট্রাক, ২টি কাভার্ডভ্যান, ৩২টি সিএনজি ও ১৯৩টি মোটরসাইকেলসহ মোট ৩১৫টি মামলা হয়েছে। মতিঝিল বিভাগে ৩৮টি বাস, ১২টি ট্রাক, ৫০টি কাভার্ডভ্যান, ১৯৮টি সিএনজি ও ৫২২টি মোটরসাইকেলসহ মোট ৯৫৭টি মামলা হয়েছে। ওয়ারী বিভাগে ৪৪টি বাস, ৩৭টি ট্রাক, ২৯টি কাভার্ডভ্যান, ৩৩টি সিএনজি ও ১২৪টি মোটরসাইকেলসহ মোট ৩৫২টি মামলা হয়েছে। অন্যদিকে, ট্রাফিক-তেজগাঁও বিভাগে ১৭টি বাস, ৪টি ট্রাক, ২টি কাভার্ডভ্যান, ৭৫টি সিএনজি ও ১০৪টি মোটরসাইকেলসহ মোট ২৭৭টি মামলা

হয়েছে। মিরপুর বিভাগে ২৭টি বাস, ২২টি ট্রাক, ৩১টি কাভার্ডভ্যান, ১১৩টি সিএনজি ও ৪৯২টি মোটরসাইকেলসহ মোট ৭৯৫টি মামলা হয়েছে। ট্রাফিক-উত্তরা বিভাগে ৮৫টি বাস, ১৭টি ট্রাক, ১৬টি কাভার্ডভ্যান, ১৪০টি সিএনজি ও ২৯১টি মোটরসাইকেলসহ মোট ৬৯২টি মামলা হয়েছে। গুলশান বিভাগে ২৬টি বাস, ৬টি ট্রাক, ১৫টি কাভার্ডভ্যান, ৪০টি সিএনজি ও ১৪৫টি মোটরসাইকেলসহ মোট ৩২২টি মামলা হয়েছে। এছাড়াও অভিযানকালে মোট ৭৫৫টি গাড়ি ডাম্পিং ও ৪৮৮টি গাড়ি রেকার করা হয়েছে। ঢাকা মহানগর এলাকায় ট্রাফিক শৃঙ্খলা রক্ষায় ডিএমপির ট্রাফিক বিভাগের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

**বগুড়াকে বিশেষ সুবিধা দেওয়ার অভিযোগ তথ্যভিত্তিক নয় : মীর শাহে আলম**

বগুড়াকে বিশেষ সুবিধা দেওয়ার অভিযোগ তথ্যভিত্তিক নয় বলে দাবি করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তিনি বলেন, গত কয়েক মাসে এলজিইডির সর্বোচ্চ বরাদ্দ গেছে কুমিল্লা, নরসিংদী ও বাগেরহাটে। বগুড়া বরাদ্দের তালিকায় ১৬তম অবস্থানে রয়েছে। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, দীর্ঘদিন বগুড়া উন্নয়ন বঞ্চিত ছিল। এখন অতীতের সেই ঘাটতি পূরণে প্রয়োজনীয় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের দাবি জানানো হচ্ছে। বগুড়া জেলায় অতিরিক্ত উন্নয়ন বরাদ্দ দেওয়া হয়েছে- বিরোধীদলের এমন অভিযোগ প্রত্যাখ্যান করেন মীর শাহে আলম। তিনি বলেন, জনগণের প্রত্যাশা পূরণ এবং দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা অব্যাহত রাখতে সরকার ঐক্যবদ্ধভাবে কাজ করছে। তিনি প্রস্তাবিত বাজেট বাস্তবায়নে সবার সহযোগিতা কামনা করেন। মীর শাহে আলম বলেন, ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার লক্ষ্যেই প্রণয়ন করা হয়েছে। বাজেট বাস্তবায়ন নিয়ে সরকারের কোনো উদ্বেগ নেই এবং দুর্নীতি ও অর্থপাচার রোধের মাধ্যমে বৃহৎ এ বাজেট সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে। প্রতিমন্ত্রী বলেন, বিএনপি সরকারের এটি ১৭তম বাজেট। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আমলে পাঁচটি এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সময়ে ১১টি বাজেট সফলভাবে বাস্তবায়িত হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের এটিই প্রথম বাজেট। তিনি বাজেটকে ‘মানুষের জীবনের বাজেট’ আখ্যায়িত করে বলেন, নিত্যপ্রয়োজনীয় ৬১টি পণ্যের কর উল্লেখযোগ্যভাবে কমানো হয়েছে, ফলে বাজেট ঘোষণার পর বাজারে মূল্যবৃদ্ধির কোনো চাপ সৃষ্টি হয়নি। খাদ্যপণ্য, কৃষিপণ্য, মাছ, মাংস, ভোজ্যতেল, চিনি, মসলা, শাকসবজি, দুধসহ দৈনন্দিন প্রয়োজনীয় পণ্যের ওপর কর রেয়াত সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় কমাতে সহায়ক হবে। স্বাস্থ্যখাতের উদ্যোগ তুলে ধরে তিনি বলেন, হৃদরোগের রিং, ডায়ালাইসিস এবং ঔষধশিল্পের ১৭টি কাঁচামালের ওপর শুল্ক কমানো হয়েছে, যার ফলে চিকিৎসা ব্যয় কমবে এবং জনগণ সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসেবা পাবে। বিরোধীদলের সমালোচনার জবাবে প্রতিমন্ত্রী বলেন, অতীতে বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার হওয়ায় দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমান সরকার দুর্নীতি ও অর্থপাচার রোধে কার্যকর পদক্ষেপ নিয়েছে। এসব উদ্যোগের মাধ্যমে রাজস্ব সাশ্রয় করে বৃহৎ বাজেট বাস্তবায়ন সম্ভব হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

**রাজধানীতে সাবেক সংসদ সদস্য নূর মোহাম্মদ আটক**

রাজধানী থেকে জামালপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য নূর মোহাম্মদকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। শনিবার রাতে রাজধানীর গুলশান এলাকা থেকে তাকে আটক করা হয়। ডিবিপ্রধান মো. শফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ‘জামালপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য নূর মোহাম্মদকে গুলশান থেকে আটক করা হয়েছে। বর্তমানে তাকে রাজধানীর মিন্টো রোডের ডিবি কার্যালয়ে নেওয়া হচ্ছে।’ নূর মোহাম্মদ জামালপুর-১ আসন থেকে আওয়ামী লীগের হয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিয়ে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। তার আগে, ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়লেও সে সময় পরাজিত হয়েছিলেন। তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে দুর্নীতির অভিযোগ রয়েছে। চলতি বছরের জানুয়ারিতে দুদকের আবেদনের প্রেক্ষিতে ঢাকার একটি আদালত সাবেক সংসদ সদস্য নূর মোহাম্মদ ছাড়াও তার স্ত্রী রওশন আরা বেগম ও ভাতিজা সাইফুল ইসলামের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

**পাগলা মসজিদের দানবাক্সে মিলল রেকর্ড ১৬ কোটি টাকা**

কিশোরগঞ্জের ঐতিহাসিক পাগলা মসজিদের দানবাক্সের টাকা গণনায় এবার আগেকার সব রেকর্ড ছাড়িয়েছে। মিলেছে ১৫ কোটি ৯০ লাখ ৮০ হাজার ১৪৬ টাকা। এছাড়াও মিলেছে বৈদেশিক মুদ্রাসহ বিপুল পরিমাণ স্বর্ণালংকার। শনিবার রাত সাড়ে ৮টার দিকে কিশোরগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও দানবাক্স খোলা কমিটির আহ্বায়ক মো. এরশাদুল আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন। এর আগে, শনিবার সকাল থেকে শুরু হয় টাকা গণনা। প্রায় সাড়ে ১৩ ঘণ্টা গণনা করে, যা চলে রাত সাড়ে ৮টা পর্যন্ত। কিশোরগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও দানবাক্স খোলা কমিটির আহ্বায়ক মো. এরশাদুল আহমেদ বলেন, সকাল ৭টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত গণনা শেষে ১৫ কোটি ৯০ লাখ ৮০ হাজার ১৪৬ টাকা পাওয়া গেছে।’ (রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৬.২০২৬ আসাদ)

## মালয়েশিয়া ও চীন সফরে দেশের মানুষের স্বার্থ রক্ষার চেষ্টা করেছি : প্রধানমন্ত্রী

মালয়েশিয়া ও চীন সফরে দেশের মানুষের স্বার্থ রক্ষার চেষ্টা করেছি বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, “আমি আমার অবস্থান থেকে আমার দেশের, আমার দেশের মানুষের স্বার্থ নিয়ে কথা বলার এবং সেই স্বার্থ রক্ষা করার চেষ্টা করেছি।” শনিবার বেলা ১১টার দিকে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বাজেট অধিবেশনে তিনি এই মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, “বাংলাদেশের মানুষ আমাদেরকে দায়িত্ব দিয়েছে তাদের স্বার্থ দেখার জন্য। আমাদের দলের অবস্থান থেকে আমরা একটি স্লোগান ব্যবহার করি, সেটি হচ্ছে বাংলাদেশ ফার্স্ট বা বাংলাদেশ প্রথম। আমি আমার অবস্থান থেকে আমার দেশের, আমার দেশের মানুষের স্বার্থ নিয়ে কথা বলার এবং সেই স্বার্থ রক্ষা করার চেষ্টা করেছি।” তিনি আরও বলেন, “এখানে আমাদের কারোরই কোনো ব্যক্তিগত কোনো বিষয় নেই। যদি কোনো কিছু অর্জন হয়ে থাকে, ভালো কোনো কিছু অর্জন হয়ে থাকে, এটি বাংলাদেশের অর্জন। এই সফরের মাধ্যমে যদি দেশের মানুষের কোনো অর্জন হয়ে থাকে, সেটি এ দেশের মানুষের অর্জন।” ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, “যেহেতু সংসদের সকল সদস্য, বিশেষ করে বিরোধীদলীয় নেতা উনিও দেশের জন্য, দেশের মানুষের পক্ষে কাজ করার জন্য উৎসাহ প্রদান করেছেন, সেজন্য আবারও আমি আমার ব্যক্তিগত পক্ষ থেকে সকল সদস্যকে, বিরোধীদলীয় নেতাসহ সকল সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

(রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর মালয়েশিয়া-চীন সফর পররাষ্ট্রনীতির মানদণ্ড স্পষ্ট করেছে : অর্থমন্ত্রী

প্রধানমন্ত্রীর মালয়েশিয়া-চীন সফর পররাষ্ট্রনীতির মানদণ্ড স্পষ্ট করেছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমানের সাম্প্রতিক মালয়েশিয়া ও চীন সফর বাংলাদেশের নিজস্ব পররাষ্ট্র নীতির ওপর ভিত্তি করেই সম্পন্ন হয়েছে। এ সফরে অন্যান্য দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের মানদণ্ড নিশ্চিত হয়েছে। শনিবার সকাল ১১টায় স্পিকার হাফিজ আহমদ বীরবিক্রমের সভাপতিত্বে ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনের ১৬তম দিনের বৈঠক শুরু হয়। বৈঠকের শুরুতেই স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর গত ২১ থেকে ২৬ জুন পর্যন্ত অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফরের ওপর একটি ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন। এই ধন্যবাদ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী তার বক্তব্য তুলে ধরেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে ঐকমত্য প্রকাশ করে অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশের রাজনীতিতে একটি গুণগত ও সাংস্কৃতিক পরিবর্তনের প্রয়োজন ছিল, যা প্রধানমন্ত্রী শুরু করেছেন। বিদেশ যাওয়ার সময় বা দেশে ফেরার সময় বিমানবন্দরে হাজার হাজার লোকের সংবর্ধনা নেওয়ার যে রেওয়াজ ছিল, তিনি তা পরিহার করেছেন। এর মাধ্যমে তিনি আগামী দিনের বাংলাদেশের রাজনীতির জন্য একটি ইতিবাচক মানদণ্ড স্থাপন করলেন। প্রধানমন্ত্রীর সফরের কূটনৈতিক দিক তুলে ধরে অর্থমন্ত্রী জানান, এই ভ্রমণের মূল ভিত্তি ছিল পারস্পরিক শ্রদ্ধা, পারস্পরিক স্বার্থ, অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং নিজস্ব কৌশলগত স্বায়ত্তশাসন। তিনি উল্লেখ করেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান প্রত্যেকটি দেশের সঙ্গে সম্পর্কের যে মানদণ্ড ও বহুমাত্রিক পররাষ্ট্রনীতি প্রতিষ্ঠা করেছিলেন, প্রধানমন্ত্রী তার এই সফরের মাধ্যমে সেই ধারাকেই অব্যাহত রেখেছেন। দেশের ও জনগণের স্বার্থ রক্ষায় সরকার কোনো জায়গাতেই আপোশ করবে না।

(রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## চীন-বাংলাদেশ সম্পর্ক সর্বোচ্চ ধাপে পৌঁছেছে : পররাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের মাধ্যমে চীন-বাংলাদেশ সম্পর্ক সর্বোচ্চ ধাপে পৌঁছেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তিনি জানান, চীনের রাষ্ট্রপতি শি জিনপিং অন্য দেশের সরকারপ্রধানকে বসিয়ে রেখে তারেক রহমানের সঙ্গে কথা বলেছেন। শনিবার বিকেলে প্রধানমন্ত্রীর সদ্য সমাপ্ত মালয়েশিয়া ও চীন সফর নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর সফরে চীনের সঙ্গে বাংলাদেশের ৮টি সমঝোতা ও ৩টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মোংলাবন্দর এবং চট্টগ্রামের আনোয়ারায় চীনের জন্য বিশেষ ইপিজেড নির্মাণের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। একইসঙ্গে তিস্তা প্রকল্পে চীনের সহযোগিতায় সম্ভাব্যতা যাচাইয়ে দুইপক্ষ একমত হয়েছে। এসময় তিনি জানান, কুনমিং থেকে বাংলাদেশে সরাসরি যোগাযোগের জন্য চীন-বাংলাদেশ-মিয়ানমার করিডোর প্রস্তাব করেছে বেইজিং। তবে এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি বাংলাদেশ। এর পাশাপাশি প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফরেও ‘বাংলাদেশ ফাস্ট নীতির’ বড়ো ধরনের সাফল্য দেখা গেছে বলে উল্লেখ করেন ড. খলিলুর রহমান। তিনি বলেন, মালয়েশিয়া সরকারের প্রকাশিত ভিডিও প্রমাণ করে তারেক রহমান এবং মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে সম্পর্ক কত গভীর হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী জানান, প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফরে সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং বিনিয়োগের দুটি নোট অব ভার্বাল স্বাক্ষরিত হয়। এছাড়া ২০২৭ সালের মধ্যে মুক্তবাণিজ্য চুক্তি করতে দুই দেশ কাজ করবে বলে একমত হয়েছে। মালয়েশিয়াতে দুই লাখ রোহিঙ্গা বসবাস করে। রোহিঙ্গা প্রত্যাবাসনের নীতিগত বিষয়ে দুই দেশ একসঙ্গে কাজ করবে বলেও উল্লেখ করেন ড. খলিলুর রহমান। এসময় প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির জানান, চীনা প্রেসিডেন্ট শি জিনপিং জানিয়েছেন, চায়না বাংলাদেশের উন্নয়নে স্থায়ী বন্ধু হতে চায়। এছাড়া ব্রিকস এবং সাংহাই কনভেনশনে বাংলাদেশের নতুন সদস্য হওয়াকে চীন সমর্থন করবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## করিডোরে বাংলাদেশ যুক্ত হলে ২৪ ঘণ্টায় চীনে পণ্য পৌঁছানো যাবে : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, চীন-মিয়ানমার করিডোরে বাংলাদেশ যুক্ত হলে ২৪ ঘণ্টায় একটি ট্রাকে করে বাংলাদেশ থেকে চীনে পণ্য পৌঁছানো যাবে। আজ শনিবার সিলেট জেলা আইনজীবী সমিতিতে যোগদানকারী নবীন আইনজীবীদের কর্মশালা ও নবীনবরণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, আগামী দিনে দেশে চীনের বিপুল বিনিয়োগ দেখা যাবে। চীন ইতোমধ্যে আমাদের সব পণ্য শুল্কমুক্ত করে দিয়েছে। আমাদের কাছে একটাই সম্ভাব্য উপায়, যেটি আমরা অনুসরণ করছি। তা হচ্ছে- বাংলাদেশে বেশি বেশি চাইনিজ বিনিয়োগ আকর্ষণ করা। শাহজালাল (রহ.) মাজার ব্যবস্থাপনা কমিটি বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, মাজার ব্যাবস্থাপনা কমিটিতে রাজনৈতিক বিবেচনায় কাউকে স্থান দেওয়া হয়নি। নিয়মতান্ত্রিকভাবেই কমিটি গঠন করা হয়েছে। কমিটি নিয়ে বিতর্কের অবকাশ নেই। এর আগে, আইনজীবীদের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, একটি রাষ্ট্রে বিচারহীনতার পরিবেশ সৃষ্টি হলে সামাজিক চুক্তি ও আইনের শাসন দুর্বল হয়ে পড়ে। সংবিধানে বর্ণিত মৌলিক অধিকার-সমতা, বৈষম্যহীনতা, জীবন ও ব্যক্তিস্বাধীনতা, মতপ্রকাশের স্বাধীনতাসহ নাগরিক অধিকার বাস্তবায়নে আইনজীবীরা অগ্রণী ভূমিকা পালন করেন।(রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## 'বাংলার জয়যাত্রা' এখন ডারবানের পথে

শেষ হলো চার মাসের অপেক্ষা। হরমুজ প্রণালি পাড়ি দেওয়া বাংলাদেশের পতাকাবাহী জাহাজ 'বাংলার জয়যাত্রা' এখন দক্ষিণ আফ্রিকার ডারবান বন্দরের পথে রয়েছে। জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরাহ বন্দরে পৌঁছানোর তিনদিন পরে বাংলাদেশ সময় গতকাল শুক্রবার সকাল ৯টায় ডারবানের পথ ধরে। জাহাজের চিফ ইঞ্জিনিয়ার রাশেদুল হাসান বিষয়টি জানিয়েছেন। তিনি শনিবার সংবাদমাধ্যমকে বলেন, "আমরা দক্ষিণ আফ্রিকার উদ্দেশ্যে চলছি। বুধবার আমরা জ্বালানি নিই। এরপর জাহাজের হাল ক্লিনিং (জাহাজের পানির নিচে থাকা অংশে জমে থাকা সামুদ্রিক শৈবাল, ঝিনুক ও অন্যান্য সামুদ্রিক জীব পরিষ্কার করা) সফলভাবে সম্পন্ন করা হয়। যেহেতু জাহাজটি সোমালিয়া উপকূলীয় এলাকা অতিক্রম করবে, তাই ফুজাইরাহ থেকে ২৫২ নটিক্যাল মাইল অতিক্রম করার পর জাহাজে ৪ জন সশস্ত্র 'আর্মড গার্ড' ওঠার কথা রয়েছে। তারা অস্ত্রসহ পুরো যাত্রাপথে জাহাজের নিরাপত্তার দায়িত্ব পালন করবেন।" আজ সকাল পৌনে ১১টায় জাহাজের অবস্থান নির্ণয়কারী ওয়েবসাইট 'মেরিন ট্রাফিক'-এ দেখা যায়, তখন ওমান উপসাগর ও আরব সাগরের সংযোগ স্থলের কাছাকাছি ওমানের সুর বন্দরের কাছাকাছি এলাকায় 'বাংলার জয়যাত্রা' অবস্থান করছিল। জাহাজের ক্যাপ্টেন শফিকুল ইসলাম সংবাদমাধ্যমকে বলেন, "আবহাওয়া ও সমুদ্র পরিস্থিতি অনুকূলে থাকলে ১২ জুলাই আমরা দক্ষিণ আফ্রিকার ডারবান বন্দরে পৌঁছাব।" জাহাজটিতে বর্তমানে ৩৭ হাজার ৫০০ টন সার আছে। এপ্রিলের প্রথম সপ্তাহে সৌদি আরবের রাস আল খাইর বন্দর থেকে এসব সার বাংলার জয়যাত্রায় বোঝাই করা হয়েছিল। কিন্তু হরমুজ প্রণালি পাড়ি দিতে না পারায় দীর্ঘদিন ধরে এসব সার নিয়েই পারস্য উপসাগরের একাধিক বন্দরে অবস্থান নিয়ে ছিল 'বাংলার জয়যাত্রা'। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফর : সর্বসম্মত ধন্যবাদ প্রস্তাব

প্রধানমন্ত্রী তারেক রহমানের ২১ থেকে ২৬ জুন পর্যন্ত মালয়েশিয়া ও চীন সফরে অভূতপূর্ব সাফল্যের জন্য জাতীয় সংসদে সর্বসম্মতভাবে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে। শনিবার স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে শুরু হওয়া বাজেট অধিবেশনের প্রথমেই ওই সফরের বিষয়ে ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ বিষয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এবং বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান সমর্থন জানিয়ে বক্তব্য দেন। পরে স্পিকার ধন্যবাদ প্রস্তাব কণ্ঠভোটে দিলে তাতে সবাই সমর্থন জানান। এ সময় সংসদে সবাই টেবিল চাপড়ে তাদের অনুভূতি প্রকাশ করেন। স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, প্রধানমন্ত্রী এবং সংসদ নেতা তারেক রহমান সরকার গঠনের চার মাসের মাথায় বাংলাদেশের প্রতিনিধিত্ব হয়ে মালয়েশিয়া ও চীন সফর করেছেন। সফরটি বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। এই সফরে বাংলাদেশের সঙ্গে মালয়েশিয়া ও চীনের সম্পর্ক আরো দৃঢ় হয়েছে এবং অত্যন্ত সফলতার সঙ্গে তিনি এই সফরে অনেকগুলো চুক্তি সম্পাদন করেছেন। পরে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এই প্রস্তাব সমর্থন ও স্থানীয় সরকারমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেন, প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চায়না ভ্রমণটার ভিত্তি ছিল আমাদের পররাষ্ট্রনীতির যে ভিত্তি তার ওপর করে যে, আমাদের সঙ্গে প্রত্যেকটি দেশের সম্পর্ক হবে অন মিউচুয়াল রেসপেক্ট, অন মিউচুয়াল ইন্টারেস্ট, ইন্টারফেয়ারেন্স এবং স্ট্রাটেজিক অটোনমি, আমাদের নিজস্ব অটোনমির ভিত্তিতে প্রধানমন্ত্রীর এই ভিজিট সেটা প্রমাণ করেছে। আমাদের অন্যদেশের সঙ্গে সম্পর্কের যে যে বেঞ্চমার্ক উনি সেটা আবার কনফার্ম করেছেন, যেটা বিএনপির রাজনীতিতে সব সময় ছিল। যেটা শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্টাবলিশ করেছিলেন, প্রত্যেকটি দেশের সঙ্গে আমাদের সম্পর্ক হবে এই মানদণ্ডের উপর। তিনি বলেন, আমরা কোথাও কমপ্রমাইজ করবো না। সরকারি দলের এই ধন্যবাদ প্রস্তাব সমর্থন জানিয়ে এ সময় বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেন, আমরা সবাই চাই, আমাদের রিলেশন হবে মিউচুয়াল রেসপেক্ট এবং ইকুইটির ভিত্তিতে। আমি আশা করি, প্রধানমন্ত্রী সেই

সতর্কতা অবলম্বন করেছেন। আমি এও আশা করি যে, আমাদের স্বাধীন ফরেন পলিসিতে কেউ হস্তক্ষেপ করুক, এটা আমরা কখনও মেনে নেব না। দেশের স্বার্থ আগে। তারপরে অবশ্যই কারো সঙ্গে আমাদের চুক্তি যাই হোক, সেটা হবে মিউচুয়াল ইন্টারেস্টের ভিত্তিতে। আমরা কাউকে ক্ষতিগ্রস্ত করতে চাই না। কিন্তু আমরাও ক্ষতিগ্রস্ত হতে চাই না। এই ভারসাম্যটা রক্ষা করেই আগামীর পলিসি যেন পরিচালিত হয়। তিনি প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু কামনা করেন এবং তার সরকারের সফলতাও কামনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

**বাংলাদেশিসহ বিদেশি নাগরিকদের জরুরি সতর্কবার্তা মার্কিন দূতাবাসের**

বিদেশি নাগরিকদের উদ্দেশ্যে নতুন সতর্কবার্তা দিয়েছে ঢাকাস্থ মার্কিন দূতাবাস। যুক্তরাষ্ট্রের করদাতাদের অর্থে পরিচালিত সুবিধার অপব্যবহার করলে ভিসা বাতিলসহ কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছে তারা। শনিবার ঢাকাস্থ মার্কিন দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, কোনো বিদেশি দর্শনার্থী বা পর্যটক যদি যুক্তরাষ্ট্রে অবস্থানকালে সেখানকার করদাতাদের অর্থে পরিচালিত কোনো জনকল্যাণমূলক সুবিধার অপব্যবহার করেন কিংবা সেগুলোর ওপর নির্ভরশীল হয়ে পড়েন, তবে তাদের কঠোর পরিণতির মুখোমুখি হতে হবে। একইসঙ্গে যুক্তরাষ্ট্রে ভ্রমণের সময় নিজের খরচ নিজে বহন করার জন্য প্রস্তুত থাকার উপরও জোর দিয়েছে দূতাবাস। এতে উল্লেখ করা হয়, অনভিবাসী বা অস্থায়ী ভিসাধারীরা এই ধরনের অনিয়মে জড়ালে তাদের বর্তমান ভিসা সরাসরি বাতিল করা হতে পারে। একইসঙ্গে ভবিষ্যতে তাদের জন্য মার্কিন ভিসা পাওয়ার পথ স্থায়ীভাবে বন্ধ বা অযোগ্য ঘোষণা করা হতে পারে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

# BBC

**US STRIKES IRAN AFTER ATTACK ON CARGO SHIP**

The US military has conducted strikes on Iranian targets after President Donald Trump accused Iran of a "foolish violation" of its truce following an attack on a cargo ship in the Strait of Hormuz. US Central Command said it had struck missile and drone storage facilities and coastal radar positions on Friday, in response to a drone attack on a cargo ship on Thursday which halted a planned evacuation of sailors stuck in the region. Tehran said the cargo ship was attacked because it was using an unauthorized route to transit through the Gulf waterway. After the US strikes, Iran in turn accused the US of violating their interim deal and said it had struck targets linked to American forces.
(BBC News Web Page: 27/06/26, FARUK)

**VENEZUELA EARTHQUAKES KILL 920 PEOPLE**

More than 900 people have been killed and 3,360 others injured in the Venezuela earthquakes, according to the government, as rescuers keep searching for survivors and families wait desperately for news. The injured are being treated in makeshift medical facilities after dozens of buildings in the country's north were destroyed by the two quakes, including in the capital Caracas. UN humanitarian chief Tom Fletcher says almost 2,000 international rescue workers are part of the response. Many people are missing, and it is likely the death toll will rise as rescue efforts continue. National assembly head Jorge Rodriguez said in a state TV broadcast on Friday that the death toll had reached 920, with at least 172 people still believed to be trapped. (BBC News Web Page: 27/06/26, FARUK)

**ISRAEL-LEBANON SIGN FRAMEWORK AGREEMENT AFTER US-BROKERED TALKS**

Israel and Lebanon have signed a framework agreement in Washington after several days of negotiations brokered by the US. US Secretary of State Marco Rubio said the agreement will begin to put out in place a framework for lasting peace and security. It comes as limited fighting has continued between Israeli forces and the Iranian-backed Hezbollah in southern Lebanon, despite an existing ceasefire. Hezbollah is not party to Friday's agreement, and it is unclear whether it will agree to withdraw its fighters from the South Litani area in southern Lebanon. Washington has feared that ongoing tension between Israel and Hezbollah could undermine its peace deal with Iran, which includes a commitment to end fighting on "all fronts", including Lebanon. (BBC News Web Page: 27/06/26, FARUK)

**THREE KILLED AS UKRAINE AND RUSSIA TRADE ATTACKS OVERNIGHT**

Russian overnight attacks have killed two people and wounded more than 20 across Ukraine, while Kyiv's attacks on Russian territory and occupied areas have killed one and wounded 10, according to local officials. Drone and bomb attacks hit multiple Ukrainian regions overnight into Saturday, killing one person in Sumy and one in Dnipropetrovsk, while nine people, including two children, were injured in attacks on the southeastern city of Zaporozhzhia. Dnipropetrovsk regional military administration head Oleksandr Ganja said on

Telegram that Russia "attacked two districts of the region more than 30 times with drones and aerial bombs". (BBC News Web Page: 27/06/26, FARUK)

**GERMANY BRACES FOR TEMPERATURES, HEATWAVE MOVES EAST**

A record-breaking heatwave sweeping across Western Europe has been linked to dozens of deaths , with temperatures topping 40 degree Celsius expected to push further east into Germany and Poland. Germany recorded a new national high of 41C near Saarbrucken on Friday, a spokesperson for Germany's National Meteorological Service said, noting the reading was still preliminary. The service issued extreme heat warnings for nearly all of Germany on Saturday as authorities urged people to save water. The United Kingdom, France, Italy and Switzerland have all recorded record June temperatures. France has seen the heaviest toll, with deaths among reported among both the young and elderly, while the extreme heat has disrupted rail travel, power generation and outdoor events across the region. (BBC News Web Page: 27/06/26, FARUK)

**BURKINA FASO CUTS DIPLOMATIC TIES WITH FRANCE**

Burkina Faso has broken off diplomatic relations with France, further widening the rift with its former colonial ruler. "The government of Burkina Faso hereby informs the national and international community that it has decided to sever diplomatic relations with France with effect from today, June 27, 2026," said Friday's statement read out on national television. The military government led by Captain Ibrahim Traore, in power since a coup in September 2022, is pursuing a policy against critical voices and Western countries, especially France. In the TV announcement, the government accused France of persistently acting against its interests. He said the decision followed a review of relations with Paris. He accused France of having "neo-colonial ambitions, made evident by its active support for subversive networks and the terrorists who are plunging our country and the Sahel into mourning". (BBC News Web Page: 27/06/26, FARUK)

**DEBRIS FALLS AFTER PLANE HITS BEIJING'S TALLEST BUILDING**

Debris from a small aircraft fell to the ground after a crash into Beijing's tallest skyscraper. Eyewitnesses told Reuters news agency that an aircraft the size of a car crashed into the CITIC Tower, also known as China Zun, on Friday. Social media footage captured from a building nearby showed what appeared to be a small plane on the ground. Firefighters were also seen extinguishing a fire in the tower. CITIC Tower is a 108-storey skyscraper in Beijing's central business district and the headquarters of the state-owned conglomerate CITIC Group, one of China's largest. It is not known if there were any casualties and there has been no immediate comment from authorities about the incident.
(BBC News Web Page: 27/06/26, FARUK)

**RELIGION ROW AS TEXAS MAKES BIBLE STORIES READING IN SCHOOLS**

A Texas education panel has approved plans to make Bible stories mandatory for all five million public school students in the as state, sparking a row about separation of church and state. The required readings, which don't come into effect until 2030, include Bible passages about Adam and Eve and from the book of Exodus, where God speaks to Moses through a burning bush. Critics say the new reading requirements, which also include Dickens and Shakespeare, infringe on religious freedoms and lack diversity. The Republican-controlled State Board of Education approved the measure in a 9-5 vote with one Republican joining Democrats to vote against it. Supporters say schoolchildren ought to learn about Judeo-Christian traditions that they argue were essential to the nation's founding. The new list establishes for the first time books that students across Texas must read.
(BBC News Web Page: 27/06/26, FARUK)

## :: THE END ::